VOL-I ISSUE-I
JUNE 2025

ANTARVIDYA

AN INTERNATIONAL
PEER REVIEWED
BI-LINGUAL
MULTIDISCIPLINARY
RESEARCH JOURNAL

DEBRA THANA SAHID KSHUDIRAM SMRITI MAHAVIDYALAYA
EDUCATION, EXCELLENCE, & EMANCIPATION
ESTD 2006
Chakshyampur, Paschim Medinipur, Pin-721124

Antarvidya

(An International Peer-Reviewed Bi-Lingual Multidisciplinary Research Journal)

VOL-1, ISSUE-1, June 2025

Editor-in-Chief

Dr. Biplab Dutta

Associate Editors

Dr. Pankoj Kanti Sarkar
Dr. Mithun Banerjee
Dr. Gobinda Das
Dr. Shatrughan Kahar

Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya
Gangaramchak, Chakshyampur, Debra, Paschim Medinipur-721124

Advisory Board:

1) Dr. Rupa Dasgupta, Principal (Chief Advisor)
2) Prof. Baniranjan Dey, Professor, Department of Bengali, Vidyasagar University
3) Prof. Nirban Basu, Former Professor, Department of History, University of Calcutta
4) Prof. Laxmikanta Padhi, Professor, Department of Philosophy, University of North Bengal
5) Prof. Dr. Krishna Bhattacharya, Former Professor & Emeritus Fellow, Department of Linguistics, University of Calcutta
6) Dr. Rina Pal, Associate Professor, Department of History, RNLK Women's College
7) Dr. Lalit Lalitav Mahakud, Assistant Professor, Department of Education, Jadavpur University
8) Dr. Madhuparna Dutta, Associate Professor, Department of Political Science, New Alipur College
9) Dr. Subodh Kumar Nanda, Associate Professor, Department of Sanskrit, Ghatal R.S. Mahavidyalaya

Editorial Board:

1) Prof. Pabitra Sarkar, Former V.C, Rabindra Bharati University
2) Dr. Mahendra Kumar Mishra, National Advisor Multilingual Studies, Folklorist, UNESCO Awardee
3) Prof. Bishnupada Mahapatra, Professor, Department of Nyaya, Sri Lal Bahadur Shastri National Sanskrit University
4) Prof. Govinda Sharan Upadhyaya, Acharya of Philosophy, Tribhuwan University, Kathmandu, Nepal
5) Prof. Souren Bandopadhyay, Professor, Department of Bengali & Dean, Faculty of Arts, Gourbanga University
6) Prof. Malay Bhowmik, Former Professor, Department Management Studies, Rajshahi University, Bangladesh,
7) Dr. Papia Gupta, Professor, Department of Philosophy and Life World, Vidyasagar University
8) Prof. Ramkrishna Maity, Professor, Department of Geography, Vidyasagar University
9) Prof. Swarochish Sarkar, Professor, Institute of Bangladesh Studies, Rajsahi University, Bangladesh
10) Prof. Dr. Arunabha Ghosh, Former Professor, Department of Political Science, Rabindra Bharati University
11) Mandira Chowdhury, Associate Professor, Department of Philosophy, University of Dhaka, Bangladesh
12) Dr. Rafikul Hossain, Associate Professor, Department of Bengali, University of Calcutta
13) Prof. Ayan Bhattacharya, Professor, Department of Sanskrit, West Bengal State University.
14) Dr. Subhajit Sengupta, Associate Professor, Department of English, Burdwan University
15) Prof. Rajkumar Chakrabarti, Associate Professor, Department of History, W.B.E.S
16) Dr. Dulee Hembram, Associate Professor, Department of Santali, Vidyasagar University Email dulee@mail.vidyasagar.ac.in, Mob-8250076967

Editorial Note

Antarvidya: An International Peer-Reviewed Bilingual Multidisciplinary Research Journal— a platform dedicated to the pursuit of knowledge across disciplines and languages. Antarvidya is published by Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya, committed to encourage scholarly dialogue that transcends traditional academic boundaries. As a bilingual journal, we encourage and publish original research in both English and Bengali, promoting inclusive and diverse academic engagement.

Our mission is to create a vibrant space for interdisciplinary research that reflects the complexity of the contemporary world. We welcome contributions from a wide range of academic fields, including the humanities, social sciences and emerging areas of inquiry.

All submissions undergo a rigorous peer-review process, ensuring the highest standards of academic integrity and quality. We are deeply grateful to our authors, reviewers, and readers for their continued support in building Antarvidya as a trusted and evolving platform for intellectual exchange.

We invite you to explore our issues, engage with the research, and be part of this growing academic community.

Warm regards,

Editor-in-Chief

Dr. Biplab Dutta

Associate Editors

Dr. Pankoj Kanti Sarkar
Dr. Mithun Banerjee
Dr. Gobinda Das
Dr. Shatrughan Kahar

Contents

- চা শিল্পে নিযুক্ত শ্রমজীবীদের বঞ্চনার ইতিবৃত্ত- ঔপনিবেশিক ও স্বাধীনোত্তর পর্ব 1-7
  ড. শত্রুঘ্ন কাহার
- বঙ্গভূমির পটভূমিতে কবিকঙ্কন কবি মুকুন্দের চণ্ডীমঙ্গল 8-16
  অভিষেক মুসিব
- পশ্চিম মেদিনীপুরের কুর্মি সম্প্রদায়ের লুপ্তপ্রায় করম পরব ও জাওআ গীত 17-25
  সুদীপ্তা মাহাত
- 'দেশভাগ' : অসময়ের সংলাপ 26-32
  সুরজিৎ বেহারা
- রাজা রামমোহন রায়: যুগান্তকারী রাজনৈতিক চিন্তা 33-44
  মিঠুন ব্যানার্জী
- The Future of Higher Education: Trends in Online Degrees and Competency-Based Learning 45-56
  Sikha Panja
- Applicability of Lotka's Law on the Authors of Annals of Library and Information Studies: A Bibliometric Study 57-68
  Mrs. Bulti Tewari[1], Dr. Sanjukta Sahoo[2]

আন্তর্বিদ্যা

www.debracollege.ac.in

Doi: https://doi.org/10.5281/zenodo.15812586

চা শিল্পে নিযুক্ত শ্রমজীবীদের বঞ্চনার ইতিবৃত্ত- ঔপনিবেশিক ও স্বাধীনোত্তর পর্ব

ড. শত্রুঘ্ন কাহার, সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, ডেবরা থানা শহীদ ক্ষুদিরাম স্মৃতি মহাবিদ্যালয়

Submitted on: 21.02.2024

Accepted on 25.03.2025

সংক্ষিপ্তসার- *উত্তরবঙ্গের চা বাগানের শ্রমজীবীদের ইতিহাস ও বঞ্চনার ধারাবাহিকতা বিশ্লেষণ করা হয়েছে এই প্রবন্ধে। ঔপনিবেশিক আমলে চা শিল্পের বিকাশের পিছনে যে শোষণ, প্রলোভন ও শ্রমিক নিপীড়নের ইতিহাস রয়েছে, তার নির্মম চিত্র তুলে ধরা হয়েছে। ব্রিটিশ আমলে উত্তরবঙ্গে চা শিল্প গড়ে ওঠে, প্রথমে পার্বত্য অঞ্চলে এবং পরে তরাই অঞ্চলে। জমির দখল, বন ধ্বংস এবং ম্যালেরিয়া-কালাজ্বরের মত রোগের প্রকোপ ঘটে। স্থানীয় নেপালি শ্রমিকের অভাব মেটাতে ছোটনাগপুর অঞ্চল থেকে ওঁরাও, মুন্ডা, সাঁওতাল আদিবাসীদের নিয়ে আসা হয়। শ্রমিক সংগ্রহের জন্য আড়কাঠি ব্যবস্থার অপব্যবহার, অত্যন্ত নিম্ন মজুরি, অস্বাস্থ্যকর পরিবেশ, রোগব্যাধি ও সামাজিক বৈষম্যের মধ্যে দিয়ে শ্রমিকরা জীবন অতিবাহিত করতেন। তারা অল্প মজুরিতে, অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করত। পুরুষ, নারী ও শিশুদের মজুরিতে বৈষম্য ছিল এবং নানা অজুহাতে মজুরি কাটা হত। মালিক ও আড়কাঠিদের নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ করলে কঠোর শাস্তি দেওয়া হত। স্বাধীনতার পরেও শ্রমিকদের অবস্থার বিশেষ পরিবর্তন হয়নি; বরং কাগজে-কলমে শ্রম-আইন প্রণয়ন হলেও তা প্রয়োগে বড়সড় গাফিলতি দেখা যায়। ন্যূনতম মজুরি, কাজের সময় নির্ধারণ, বাসস্থান ও চিকিৎসার আইনি বিধান থাকলেও তা বাস্তবে প্রযোজ্য হয়নি। বাগান মালিক, সর্দার ও মধ্যস্বত্বভোগীদের আধিপত্য বহাল থাকে। ভোট-রাজনীতির আবহে শ্রমিকরা জাতীয় মূলস্রোতের রাজনীতির সাথে যুক্ত হলেও, তাদের সামাজিক-অর্থনৈতিক অবস্থার আমূল পরিবর্তন ঘটেনি। এই প্রবন্ধ উত্তরবঙ্গের চা শ্রমিকদের সংগ্রাম, শোষণ ও শ্রম আন্দোলনের একটি সুস্পষ্ট ঐতিহাসিক বিবরণ তুলে ধরার প্রয়াস করা হয়েছে।*

সূচক শব্দ- *চা, শিল্প, শ্রমিক, উত্তরবঙ্গ, শ্রমআইন, আড়কাঠি।*

সকাল সকাল চায়ের কাপে চুমুক দিয়ে রাজ্য জুড়ে কতই না বঞ্চনার চুলচেরা আলোচনা করা হয়ে থাকে, অথচ হাতের কাপে থাকা চা এর উৎপাদক সেই শ্রমজীবীদের বঞ্চনার ইতিহাস আমাদের কাছে অজানাই থেকে যায়।

Doi: https://doi.org/10.5281/zenodo.15812586

বাংলায় সরকার বদলায়, শ্রমজীবীদের পরিস্থিতি নয়। বাংলার রাজনৈতিক পটপরিবর্তন এই শ্রমজীবীদের বঞ্চনার ইতিহাসে এক নতুন অধ্যায় সংযোজন ঘটায় মাত্র। বাগিচা শিল্পের ক্ষেত্রেও এর কোনও ব্যতিক্রম ঘটেনি।

প্লান্টেশন বা বাগিচা বলতে মূলত বাগিচা মালিকদের প্রত্যক্ষ পরিচালনাধীন বড় বড় খামারে চালানো কৃষিকাজকে বোঝায়। কিন্তু বাংলায় প্লান্টেশন বা বাগিচা বলতে শোষণের কতগুলি বাহ্যিক রূপ বোঝাত যা ছোট ছোট চাষিদের শ্বাসরোধ করে ফুলেফেঁপে উঠেছিল। উনিশ শতকের প্রথমার্ধে ব্রিটিশ ঔপনিবেশিক পুঁজির আনুকূল্যে ভারতে কৃষিনির্ভর কিছু শিল্পের বিকাশ ঘটে। এক্ষেত্রে জুট, কফি, রবার, নীলের পাশাপাশি চা বাগিচা শিল্প বিশেষ সমৃদ্ধি লাভ করে। ১৮৩৯ সালে আসাম কোম্পানি স্থাপনের মাধ্যমে ভারতে চা শিল্পের যাত্রা শুরু হয়।[১] যদিও মেজর রবার্ট ব্রুকস এর ১৬ বছর আগে ১৮২৩ সালে আসামের ঘন জঙ্গলে চা গাছের সন্ধান পান। ১৮৩৯ সালের পরবর্তী তিন দশকে আসামের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ইউরোপীয় মালিকদের অধীনে চা বাগানের ব্যাপক প্রসার ঘটে। আসামের বিস্তীর্ণ পাহাড়ি জমির দখল পর্ব শেষ হলে এবং সেখানে পতিত জমির অভাব ক্রমশ ঘনীভূত হলে ইউরোপীয় পুঁজির নজর এসে পড়ে বাংলার উত্তরবঙ্গের বিস্তীর্ণ পাহাড়ী ভূমিতে। দার্জিলিঙের জলবায়ু ও ভূপ্রকৃতি চা উৎপাদনের অনুকূল হওয়ায় ১৮৪১ সালে ডা. ক্যাম্বেল উত্তরবঙ্গে চা চাষ নিয়ে পরীক্ষা নিরীক্ষা শুরু করেন। তাঁর পরীক্ষা নিরীক্ষা ব্যাপক ভাবে সফল হয় এবং পরবর্তী দু'দশকের মধ্যে দার্জিলিং এর পার্বত্য অঞ্চলে চা শিল্প বাণিজ্যিক রূপ ধারণ করে এবং বিশ্বের সম্ভ্রম আদায় করে ফেলে। ১৮৬০ এর দশকের মধ্যে দার্জিলিং এর পার্বত্য অঞ্চলে নতুন চা চাষের জমির অভাব দেখা দিলে ব্রিটিশ ঔপনিবেশিক পুঁজিপতিরা ক্রমশ পাদদেশীয় তরাই অঞ্চলে নেমে আসে।[২] খুব অল্প সময়ের মধ্যে বাগিচার সংখ্যা হু হু করে বাড়তে থাকে। সরকারী পরিসংখ্যান অনুযায়ী দার্জিলিং অঞ্চলে ১৯৫০ এর দশকে চা শিল্প প্রসারে উদ্যোগ নেওয়া হলেও ১৮৭২ সালে ১৪০০০ একর জমিতে ৭৪টি চা বাগান গড়ে ওঠে, ১৮৮১ তে এই সংখ্যা ১৫৩তে পৌঁছায় যা প্রায় ৩০,০০০ একর জমি জুড়ে প্রসারিত ছিল, ১৮৯১ সালে প্রায় ৪৫,০০০ একর জমি জুড়ে ১৭৭টি চা বাগান গড়ে ওঠে। সরকারী রিপোর্ট থেকে দেখা যায় ১৮৭৪ থেকে ১৯০৫ মাত্র ৩০ বছরে চা চাষের জমি বৃদ্ধি পেয়েছিল প্রায় দেড়গুণ।[৩]

Number of gardens from 1874-1905

Year	Number of gardens	Area under cultivation in Acres	Outturn of tea in lbs.
1874	113	18,888	39,27,911
1885	175	88,499	90,90,298
1895	186	48,692	1,17,14,551
1905	148	50,618	1,24,47,471

LSSO' Malley, Bengal District Gazetteers Darjeeling, Delhi, 1st publication 1907, 1st Reprint Version 2001, Page- 94.

চা বাগানের দ্রুত সংখ্যা বৃদ্ধির সাথে সাথে কিছু নতুন সমস্যা দেখা দিতে আরম্ভ করল। পার্বত্য অঞ্চলে চা বাগিচার সাথে তরাই অঞ্চলের চা বাগিচার পরিবেশগত ব্যাপক পার্থক্য ছিল। ব্যাপক আকারে বন ধ্বংস তরাই অঞ্চলের পরিবেশকে আরও জটিল করে দেয়। ফলে দেখা যায় ম্যালেরিয়া, কালাজ্বর, ব্ল্যাকওয়াটার ফিবার এর মত ভয়ঙ্কর রোগের পাদুর্ভাব।[৪] পার্বত্য অঞ্চলে নেপালি শ্রমিকের অভাব না হলেও, তারা তরাই অঞ্চলে নেমে জীবনের ঝুঁকি নিয়ে চা চাষে সম্মত হল না। এমতাবস্থায় ব্রিটিশরা শ্রমিক চাহিদা মেটানোর জন্য আড়কাঠির সাহায্য নিল। ব্যাপক সংখ্যা ধরে আনা হল ছোটনাগপুরী শ্রমিকদের। দেখতে দেখতে তরাই অঞ্চলের রূপ পাল্টে গেল। ওঁরাও, মুন্ডা, সাঁওতাল, ঘাসি, তুরি, বরাইক, মালপাহারি প্রমুখ আদিবাসীরা চা বাগানে কাজ নিল। তীব্র

উদ্বেগে তাদের থাকতে হয়েছিল। বহু শ্রমিক ঘাতক রোগে মৃত্যুবরণ করেছিল। সারা বছর শ্রমিক অপ্রতুলতা নিয়ে একটা উদ্বেগ থেকেই যেত। কিন্তু আড়কাঠিরা এক্ষেত্রে মালিকদের সহায়ক হয়েছিল। নানা প্রলোভন দেখিয়ে সর্দাররা হাজার হাজার শ্রমিক নিয়ে এসেছে চা বাগানে। পরিবর্তে পেয়েছে শ্রমিকের মাথা পিছু এক আনা, উপরন্তু শ্রমিকদের কাছ থেকে কাজ পাইয়ে দেওয়ার নামে নজরানা, ঘুষ ইত্যাদি। এর বাইরেও ছলে বলে কৌশলে তাদের কষ্টার্জিত যৎকিঞ্চিত আয়ের মধ্যে ভাগ বসাত এই আড়কাঠিরা। সরকারী পরিসংখ্যান থেকে দেখা যায় ১৮৬৯ সালে দার্জিলিঙের জনসংখ্যা ছিল মাত্র ২২,০০০। ১৮৭২ সালে প্রথম জনগণনা সময়পর্বে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৯৪,৭১২ এবং শতাব্দীর শেষে এবং বিংশ শতাব্দীর প্রারম্ভে অর্থাৎ ১৯০১ এ তা বৃদ্ধি পায় ২,৪৯,১১৭ জন।[৫]

অন্যদিকে শ্রমিকদের একটা বড় অংশ চা বলয়ের বাইরে ভিন্ন রাজ্যে থেকে হওয়ায় তাদের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অল্প মজুরি, বসবাসের জন্য অস্বাস্থ্যকর পরিবেশ, খাদ্যভাব জনিত অপুষ্টি, বিভিন্ন রোগে আক্রান্ত হলে চিকিৎসার অভাবে মৃত্যুবরণ ছিল নিত্যনৈমিত্তিক ঘটনা। বাগানে কাজের জন্য পুরুষ শ্রমিকের মাথা পিছু ৪ আনা, মহিলা শ্রমিকের জন্য ৩ আনা এবং যুবক যুবতীর জন্য ১ আনা ধার্য ছিল, এবং শিশুরা চা বাগানের জন্য ক্ষতিকারক পোকামাকড় মেরে আনলে তাদের মিলত এক আনা। মজুরি ক্ষেত্রে এই বৈষম্য পরবর্তী ৫০-৬০ বছর অপরিবর্তনীয় ছিল যা চা বাগানের তীব্র শোষণের পৈশাচিক রূপকেই তুলে ধরে।[৬] সারা বছর চা পাতা তোলার কাজ থাকত না। পাতা তোলার মরশুমে শ্রমিকরা যত ওজনের পাতা তুলত তা সঠিক ভাবে ওজন না করে কম পয়সা দেওয়া হত। এর পাশাপাশি চলত নানা অজুহাতে শ্রমিকের মজুরি কাটার মত মালিক নির্মিত আইন। জ্বর রোগভোগের সময় শ্রমিকদের ওপর অকথ্য শারীরিক অত্যাচার করে কাজে নিয়ে আসা হত। কোন কোন বাগানে নগদ মজুরি দেওয়ার পরিবর্তে চাকতি দেওয়া হত। এই চাকতির পরিবর্তে শ্রমিকরা দোকান থেকে তাদের প্রয়োজনীয় জিনিস নিতে পারত। অসাধু দোকানদাররাও এই নিরক্ষর সরল শ্রমজীবী মানুষদের ঠকিয়ে প্রচুর মুনাফা করত। শ্রমিকদের মালিক, সর্দার, দোকানদারদের এসব অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের অধিকার ছিল না, প্রতিবাদ করলেই কপালে জুটত পরিবারসমেত হপ্তাবাহারের মত জঘন্য শাস্তি, যেখানে প্রতিবাদী শ্রমিককে সপরিবারে বাড়ি থেকে বের করে ঘন জঙ্গলে ছেড়ে দেওয়া হত, আসামে এই প্রথা হটাবাহার নামে পরিচিত ছিল।[৭] পুরুষ, নারী, শিশু নির্বিষসহ চা বাগানের শ্রমিকদের ওপর অকথ্য অত্যাচারের মর্মস্পর্শী চিত্র দি বেঙ্গলী নামক ইংরেজি পত্রিকায় Slavery in British Dominion নামক ১৩টি প্রবন্ধে তুলে ধরা হয়েছিল। দ্বারকানাথ গাঙ্গুলির মত ব্রাহ্ম সমাজের সদস্যরা সরেজমিনে চা কুলিদের দুঃখ দুর্দশা তদন্ত করেছিল। ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছিল বাংলা জুড়ে কিন্তু তার কোনও ইতিবাচক প্রভাব চা শ্রমিকদের ওপর পড়ে নি।[৮]

ব্রিটিশ সরকার চা শিল্পে শুধু মাত্র মালিকদের জমি প্রদান করে ক্ষান্ত হত না, বাগান মালিকদের মুনাফা নিশ্চিত করতে তারা মালিকের পক্ষে কয়েকটি কালা কানুনও তৈরি করেছিল যেমন শ্রমিকরা বাগান কাজ করারা জন্য তিন থেকে পাঁচ বছরের চুক্তিবদ্ধ হতে হত। এর মাঝে কাজ ছেড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে শ্রমিকদের এক থেকে তিন মাস সশ্রম কারাদণ্ড ভোগ করতে হত। শাস্তির মেয়াদ শেষ হওয়ার পর আবার ফিরে আসতে হত চা বাগানে। আবার কোনও শ্রমিক কাজ করতে অস্বীকার করলে বা সাত দিনের বেশী অনুপস্থিত থাকলে মালিক বিনা ওয়ারেন্টে তাকে গ্রেফতার করতে পারতেন। আসামেরর চা বাগানে এই আইনগুলো যতটা কঠোরভাবে পালন করা হত, উত্তরবঙ্গে এই আইনগুলির প্রয়োগ ততটা না হলেও, শ্রমজীবীদের গতিবিধির ওপর সরকার তীব্র নজর রাখত, শ্রমজীবীদের মাঝে সরকারী গুপ্তচরের উপস্থিতির কথাও জানা যায়।[৯] ১৯১২ সালে জলপাইগুলি শ্রমিক আইন প্রণয়নের মাধ্যমে ডুয়ার্সের শ্রমিক সংক্রান্ত বিষয়ে সরকারের আইনগত পদ্ধতি যুক্ত হয়। যদিও এই আইনের উদ্দেশ্য ছিল সীমিত। এই আইনে জলপাইগুলিসহ অন্যান্য শ্রমিকের স্বাস্থ্য সংক্রান্ত

Doi: https://doi.org/10.5281/zenodo.15812586

পরিসংখ্যান সংগ্রহের কথা বলা হয়েছিল। এছাড়া বাগিচা শ্রমিকদের সার্বিক উন্নয়নের জন্য প্রাক স্বাধীনতা পর্বে তেমন কোন সরকারী উদ্যোগ চোখে পড়ে না, এমনকি স্বাধীনতার প্রাক মুহূর্তে চা বাগিচাগুলি ইউরোপীয় পুঁজিপতির কাছ থেকে এদেশীয় মালিকদের মধ্যে হাতবদল হলেও, শ্রমিকদের সামগ্রিক চিত্রে কোন পরিবর্তন ঘটেনি।[১০]

১৯৪৭ সালে ভারত এই দীর্ঘ পরাধীনতার শিকল ছিঁড়ে স্বাধীনতা লাভ করে, কিন্তু উত্তরবঙ্গের চা বাগিচার শ্রমিকদের পায়ের শিকল অচ্ছিন্নই থেকে যায়। স্বাধীনতার পর দীর্ঘ ৩০ বছর বাংলায় কংগ্রেসী আমল বাংলার চা বাগিচার শ্রমজীবীদের বঞ্চনার ইতিহাসে একটি অধ্যায়ের সংযোজন ঘটিয়েছে মাত্র। ১৯৪৮ সালে ভারত সরকার ন্যূনতম মজুরি আইন প্রবর্তন করে, চা বাগিচার পুরুষ শ্রমিকদের মাসিক মজুরি স্থির হয় ৬ টাকা এবং নারী শ্রমিকের জন্য চার থেকে পাঁচ টাকা মাসিক।[১১] ১৯৭৬ এর পূর্ব পর্যন্ত মজুরি ক্ষেত্রে এই বৈষম্য বজায় ছিল। ১৯৫১ সালে বাগিচা শ্রমিক আইন প্রণীত হয় যেখানে শ্রমিকদের কাজের সময় প্রতি সপ্তাহে ৫৪ ঘণ্টা স্থির হয়। হাটবাজারের দিন ছুটি দেওয়ার কথা বলা হয়। যে কোন দিন কাজ, বিশ্রামের সময় এবং কাজে যোগদানের আগে অপেক্ষার সময় মিলিয়ে সর্বোচ্চ ১২ ঘণ্টা হতে হবে। মালিকরা শ্রমিকদের চিকিৎসা, বাসস্থান ও শিক্ষার ব্যবস্থা করতে দায়বদ্ধ থাকবে এবং যে সমস্ত বাগানে ৫০ এর বেশী মহিলা শ্রমিক কাজ করেন সেখানে ছয়বছরের নীচে শিশুদের জন্য ক্রেশ ব্যবস্থা করতে হবে। সন্ধ্যা ৭ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত বাগানে নারীদের নিয়োগ নিষিদ্ধ করা হয়।[১২] স্বাধীন ভারতে চা শিল্পের শ্রমিক দরদি এই আইনগুলির বেশিরভাগই খাতায় কলমে থেকেছে, মজুরি ক্ষেত্রে প্রাক স্বাধীনতা চাইতে তেমন কোনও পরিবর্তন নজর পড়ে না এমনকি মজুরি ক্ষেত্রে বৈষম্য স্বাধীনতা উত্তর পর্বেও বজায় ছিল। শ্রমিদের কথিত স্বাধীনতা স্বীকৃত হলেও, মালিক, সর্দারদের প্রভাব অক্ষুণ্ণ ছিল। স্বাধীনতা উত্তর কালে পরিবর্তন বলতে শুধুমাত্র, ভারতে ভোট রাজনীতির প্রেক্ষাপটে চা বাগানের শ্রমিকদের মধ্যেও ভিন্ন রাজনৈতিক দলে প্রভাব বিস্তারের প্রতিযোগিতা চা শিল্পে নিযুক্ত শ্রমজীবীদের ভারত তথা বাংলার রাজনীতির মূল স্রোতের সাথে যুক্ত করেছিল।

১৯৪৭ সালের পূর্বেই বা বাগানে বামপন্থী আর. এস. পি দলের প্রভাব বাড়তে থাকে। ১৯৪৭ সালে ১৫৪টি চ বাগানের মধ্যে ১১৪টিতে আর. এস. পি ও ১০ টিতে কংগ্রেস নিয়ন্ত্রিত ইউনিয়নের প্রভাব ছিল বাকী ৩০টিতে সি. পি. আই নিয়ন্ত্রিত ইউনিয়নের প্রভাব ছিল।[১৩] ১৯৫৪ সালে হাসিমারা সম্মেলনে প্রথম চা-শ্রমিকদের বোনাস ও পি. এফের দাবি সর্বতোভাবে তোলা হয়। এই সময় বোনাসের দাবিতে ডুয়ার্সে ১৮ দিনের শ্রমিক হরতাল হয়। নেতৃত্ব দেন ননী ভট্টাচার্য, সুরেশ তালুকদার, স্টিফেন কুজুর প্রমুখ নেতারা। হরতালের পনের দিন পর কয়েকটি শর্তে আন্দোলন প্রত্যাহার করা হয়। আন্দোলনের সুবাদে বোনাস কমিটি গঠিত হয় এবং প্রত্যেক শ্রমিক ১৩০ টাকা করে বোনাস পায়।[১৪] পাশাপাশি এই আন্দোলন চা বাগান ট্রেড ইউনিয়নগুলির মধ্যে সমন্বয়ের অভাব প্রকাশ্যে নিয়ে আসে। এরই ফলস্বরূপ ১৯৬০ এর দশকের গোড়া থেকেই একটা সাধারণ মঞ্চ বা ফোরাম তৈরির চেষ্টা হয়, যেখানে চা-বাগান শ্রমিকদের সাধারণ দাবিদাওয়া নিয়ে ঐক্যবদ্ধ আন্দোলন সংগঠিত হবে। ১৯৬২ সালে কো- অর্ডিনেশন কমিটি অফ টি প্ল্যান্টেশন ওয়ার্কস নামক মঞ্চ গঠিত হয়। আই.এন.টি.ইউ.সি, এইচ.এম.এস, এ.আই.টি.ইউ.সি, ইউ.টি.ইউ.সি, এবং গোর্খা লীগ এই মঞ্চের সদস্য হয়। এই কমিটির অধীনেই ১৮ই আগস্ট ১৯৬৯ সালে ডুয়ার্সের চা বাগানগুলিতে ধর্মঘট সংগঠিত হয় যা ২১ দিন ধরে চলে। একটি ত্রিপাক্ষিক চুক্তির মধ্য দিয়ে এই আন্দোলনের সমাপ্তি ঘটে। আন্দোলনের মূলত অর্থনৈতিক দাবিই যেমন মজুরি, বোনাস, কাজের নির্দিষ্ট সময় ইত্যাদি প্রাধান্য পায়।[১৫]

১৯৪৭ সালে স্বাধীনতা মানুষের মনের মধ্যে পরাধীনতার গ্লানি মিটিয়ে মুক্তির যে আলো সঞ্চার করেছিল, কেন্দ্রে ও রাজ্যে দীর্ঘ ৩০ বছরের কংগ্রেসী শাসনে সেই আশার আলো সম্পূর্ণ প্রজ্বলিত না হয়ে সরকারী

উদাসীনতায় টিমটিম করে জ্বলছিল। কেন্দ্রে নেহেরু নেতৃত্বাধীন সরকার শ্রমক্ষেত্রে একাধিক আইন প্রনয়ন করলেও, মালিক শ্রেণী সেই আইনের ফাঁকফোকর অপব্যবহার করতে শুরু করে, অন্যদিকে এই আইনগুলি প্রয়োগে সরকার বিশেষ কোন সদিচ্ছা দেখায়নি। সম কাজে সম বেতনের কথা বলা হলেও তা কখনোই প্রযোজ্য হয়নি, উপরন্তু মাতৃত্বকালীন সুবিধা স্থায়ী নারী শ্রমিকের ক্ষেত্রে প্রযোজ্য ছিল, বিশাল সংখ্যা অস্থায়ী নারী শ্রমিক এই আইনের আওয়তায় আসত না।[১৬] স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে সরকার মালিকের উপর যাবতীয় দায় ফেলে দেয়। সামগ্রিক ভাবে দেখা যায় ব্রিটিশ আমলে চা-শ্রমিকের যা অবস্থা ছিল, স্বাধীনতা উত্তর পর্বে বিশেষত কংগ্রেস আমলে সেই অবস্থার মূলগত কোনও পরিবর্তনই ঘটেনি। শুধু পাওনার মধ্যে ছিল কিছু সাংবিধানিক আইন, বোনাস এবং সক্রিয় রাজনীতি করার অধিকার। এই রাজনীতির অধিকার প্রাথমিক পর্বে বামপন্থীদের পতাকা তলেই সম্পূর্ণতা পায় এবং তাদের সংগঠিত প্রতিবাদ আন্দোলনই বাংলায় ১৯৭৭ সালে পরিবর্তনের জোয়ার নিয়ে আসে। কিন্তু এই পরিবর্তন তাদের আর্থ-সামাজিক তথা রাজনৈতিক জীবনে কতটা পরিবর্তন নিয়ে এসেছিল তা আজ অনুসন্ধানের বিষয়।

১৯৭৭ সালে রাজ্যে পালাবদলের সাথে পাহাড়ের জনজীবনে কোন বদল কি আমরা দেখতে পাই? না তার কোন প্রভাব লক্ষ্য করা যায় না। ১৯৭৪ সালে চা বাগানের মালিকপন্থী ইউনিয়নগুলি (প্রধানত কংগ্রেস নেতৃত্বাধীন) এবং বামপন্থী ইউনিয়নগুলির সাথে রাজ্য সরকারের যে ত্রিপাক্ষিক আলোচনা হয় তাতে স্থির হয় চা শিল্পে কোনও ন্যূনতম মজুরি ঘোষণা করা হবে না। প্রতি তিন বছর অন্তর মজুরি সংক্রান্ত ত্রিপাক্ষিক আলোচনা হবে এবং তাতে মজুরি নির্ধারিত হবে। এই ত্রিপাক্ষিক আলোচনায় খুব অল্পই মজুরি বৃদ্ধি ঘটত।[১৭] ২০০৫ সালে অনিচ্ছুক বাগান মালিকদের আলোচনার টেবিলে বসতে বাধ্য করার জন্য একটি স্মরণীয় এক মাসব্যাপী ধর্মঘট সত্ত্বেও, বাম সরকার ও বাগান মালিকরা টেবিলে শ্রমিকদের দাবি কার্যত অস্বীকার করে উৎপাদনশীলতা রীতি ও পরবর্তী তিন বছরের জন্য সামান্য মজুরি বৃদ্ধি করা হয়। উৎপাদনশীলতা রীতি বলতে বোঝায় শ্রমিকদের তোলা পাতা ঠেকা থেকে কম হলে প্রতি কেজির জন্য এক টাকা মজুরি কাটা হবে। ২০১১ সালে বাম সরকার পতনের প্রাক্কালে চা শ্রমিকদের দৈনিক মজুরি সমতলে ৬৭ টাকা এবং পাহাড়ে ৯০ টাকা ছিল। সপ্তাহের ছয়দিন কাজ এবং কাজের দিনের জন্যই মজুরি। বেতন ছাড়া বেতনের একটা অংশ দ্রব্যে দেওয়া হত। যেমন জ্বালানী কাঠ এবং মাসে ৪০০ গ্রাম চা পাতা।[১৮] বামেদের সমকাজের সম বেতনের সেই নৈতিক দাবিও বাম আমলে বাস্তবে রূপ নিতে পারেনি। রেশন প্রদানের ক্ষেত্রেও নারীদের ক্ষেত্রে পুরুষদের তুলনায় বৈষম্য করা হত। দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে তাল রেখে বেতন বৃদ্ধি ঘটে নি। যার ফলে ২০০৩ থেকে ২০০৭ এর মধ্যে খাদ্যভাব হেতু অপুষ্টি জনিত কারণে প্রায় ১২০০-র বেশী শ্রমিক ও তাদের পরিবারের লোকজন মারা গিয়েছিল। সুপ্রিম কোর্টের খাদ্যের অধিকার বেঞ্চের দ্বারা নিযুক্ত এক স্পেশাল অফিসার অপুষ্টি নিয়ে যে রিপোর্ট দেন তা দেখার পর সুপ্রিম কোর্ট ২০০৮ সালে যথেষ্ট কম দামে খাদ্যশস্য সরবরাহ করা, মাসে অন্তত ১৫ দিন সরকারী উদ্যোগে কাজের ব্যবস্থা সুনিশ্চিত করা, বাগানগুলিতে বিনামুল্যে চিকিৎসার ব্যবস্থা করা এবং কর্মহীন শ্রমিকদের একটা ভাতা দেওয়ার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দেয়। এই সময় প্রায় ৩২টি বাগান বন্ধ হয়ে পড়েছিল, তাদের মালিকরা সেগুলিকে বেআইনিভাবে বন্ধ করেছিল। তারা শ্রমিকদের প্রাপ্য বেতন, রেশন (মজুরির যে অংশ খাদ্য শস্যে দেওয়া হয়), গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাৎ করেছিল। অথচ তথাকথিত শ্রমিকদরদি সরকার নিছক দর্শকের ভূমিকা পালন করেছিল। বাগানগুলি যখন খোলে তখন শ্রমিকরা আর বকেয়া টাকা মেটানোর দাবিই তুলতে পারে নি পাচ্ছে বাগানগুলি পুনরায় যদি বন্ধ করে দেওয়া হয় এই ভয়ে।[১৯] শ্রমিক, কৃষকদের মধ্যে বামফ্রন্টের জনপ্রিয়তা তলানিতে এসে ঠেকে। এর সঙ্গে যুক্ত হয়েছিল ১৯৮০ এর মাঝামাঝি সময় থেকে দার্জিলিং এর বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ও বাংলার রাজনীতিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের ক্রমশ উত্থান যা ২০১১ সালে

Doi: https://doi.org/10.5281/zenodo.15812586

বামফ্রন্ট সরকারের দীর্ঘ ৩৪ বছরের শাসনের অবসান ঘটায়। মা-মাটি-মানুষের শ্লোগানে বাংলার রাজনৈতিক পটপরিবর্তন ঘটে।

ক্ষমতায় এসেই ২০১১ সালে চা বাগানের ট্রেড ইউনিয়ন, মালিক তথা রাজ্য সরকারের ত্রিপাক্ষিক আলোচনা সম্পন্ন হয় যেখানে সামান্য কিছু মজুরি বৃদ্ধি ছাড়া বিশেষ কোনও পদক্ষেপ বা শিল্প নীতির কথা উঠে আসে নি। এই চুক্তি অনুসারে শ্রমিকদের নগদ মজুরি ছিল সমতলের জেলাগুলিতে দৈনিক ৯৫ টাকা এবং পার্বত্য অঞ্চলে ৯০ টাকা।[২০] ২০১৪ সালে মার্চ মাসে এই চুক্তির মেয়াদ শেষ হলেও প্রায় এক বছর পর ২১ শে মার্চ ২০১৫ সালে শ্রমিকদের সংযুক্ত ট্রেড ইউনিয়ন ফোরাম, মালিক পক্ষ ও সরকারের মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয় যার মেয়াদ ১লা এপ্রিল ২০১৪ থেকে ৩১শে মার্চ ২০১৭ নির্ধারিত হয়। এই চুক্তিতে সমতল ও পার্বত্য অঞ্চলের বেতনের ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের কথা বলা হয়। স্থির হয় প্রথম বছরের জন্য, অর্থাৎ ১লা এপ্রিল ২০১৪ থেকে ৩১শে মার্চের জন্য দৈনিক নগদ হবে ১১২.৫০ টাকা, পরের বছর তা বেড়ে হবে ১২২.৫০ টাকা এবং চুক্তির শেষ বছরে সেটা হবে ১৩২.৫০ টাকা। মজুরির একটি অংশ দ্রব্যে দেওয়ার চলন এই পর্বেও অক্ষুণ্ণ ছিল যেখানে কিছু খাদ্যশস্য, জ্বালানী কাঠ এবং ৪০০ গ্রাম চা শ্রমিকদের দেওয়া হত।[২১] ২০১৮ সালে নবম ত্রিপাক্ষিক আলোচনায় শ্রমিকদের বেতনে ১৭.৫০ টাকা অন্তর্বর্তীকালীন বৃদ্ধির কথা বলেছেন এবং অনেক বাগান মালিক শ্রমিকদের ১৫০ টাকা (১৩২.৫০ + ১৭.৫০) দৈনিক বেতন প্রদান করতে শুরু করেছেন। কিন্তু দ্রব্যমূল্যের ব্যাপক বৃদ্ধি তাদের পুনরায় রাস্তায় নামতে বাধ্য করে।[২২] ২০১৯ সালে আগস্ট মাসে প্রায় তিন লাখ চা শ্রমিক তাদের দৈনিক বেতন ১৩২.৫০ টাকা থেকে বৃদ্ধি করে ১৭৬ করার জন্য ধর্মঘটে সামিল হয়।[২৩] ২০২১ সালে চা শ্রমিকদের সংযুক্ত মঞ্চ নূন্যতম মজুরি দাবির জন্য আন্দোলনে নামে।

স্বাভাবিকভাবে দেখা যাচ্ছে সেই ব্রিটিশ আমলে চা শ্রমিকদের বেতন, খাদ্য, স্বাস্থ্য, শিক্ষা, কাজের সময়, চাকরির স্থায়ীত্ব প্রভৃতি যে সমস্ত সমস্যা দেখা দিয়েছিল, স্বাধীনতা উত্তরপর্বেও সেই সমস্ত সমস্যার সমাধান অধরাই থেকে যায়। ২০২১ সালেও চা শ্রমিকরা তাদের নূন্যতম মজুরির অধিকার অর্জন করার জন্য সংগ্রামে অবতীর্ণ হতে হয়।[২৪] এমনকি তিন বছর অন্তর হওয়া ত্রিপাক্ষিক মিটিং এর জন্যও শ্রমিকদের সবসময় আন্দোলনের পথে যেতে হয়েছে। স্বাধীনতা উত্তর পর্বে মুল্যবৃদ্ধির সঙ্গে তাদের বেতন বৃদ্ধির গ্রাফে বিস্তর ফারাক তাদের দৈনন্দিন বাঁচার সংগ্রামকে ক্রমশ কঠিন করেছে। বেতনের একটি অংশ খাদ্যদ্রব্যরূপে দেওয়ার চল আজও তাদের মালিকদের দাসত্বে ছদ্ম প্রথার শিকলে আবদ্ধ করে রাখা হয়েছে। শিক্ষার অভাব তাদের অধিকারের সংগ্রামকে আরও প্রলম্বিত করেছে। ব্রিটিশ আমল থেকে হাল আমলে তাদের সুষ্ঠু ভাবে বাঁচার অধিকারটুকু তারা পায়নি। তাই বলাই যায় বাংলার সরকার পরিবর্তন তাদের বঞ্চনার ইতিহাসে শুধু এক নতুন অধ্যায়ের সংযোজন ঘটিয়েছে মাত্র।

সূত্রনির্দেশ

১. Panchanan Saha, **Indians in British Overseas Colonies**, K. P. Bagchi & Company, Calcutta, 2003, P- 159.

২. LSSO' Malley, Bengal District Gazetteers Darjeeling, Delhi, 1st publication 1907, 1st Reprint Version 2001, Page- 93.

৩. Op.cit., Page- 94.

৪. অশোক গঙ্গোপাধ্যায়, বাংলার চা শিল্প ও শ্রমিক (১৮৫৬-১৮৭৪), নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ ও সেতু প্রকাশনী'র যৌথ উদ্যোগ, কলকাতা, ২০১৩, পৃষ্ঠা-১৬৬।

৫. A Historical outline of the migratory movement, Gorkhaland Agitation, an Information Document, Government of India, Director of Information, Govt. of West Bengal, Calcutta, 1986, P- 5.
৬. অশোক গঙ্গোপাধ্যায়, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৬৯।
৭. অশোক গঙ্গোপাধ্যায়, উত্তরবঙ্গে পরিচয়, দ্বিতীয় সংস্করণ, গ্রন্থতীর্থ, কলকাতা, ২০০২।
৮. কানাইলাল চট্টোপাধ্যায়, উনিশ শতকে চা-কুলিদের সন্তানসন্ততিদেড় জীবনধারা, নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৬২।
৯. রামকৃষ্ণ চট্টোপাধ্যায়, ঔপনিবেশিক বাগিচা ব্যবস্থায় শ্রমিক নিয়ন্ত্রণের আইনগত পদ্ধতি: প্রসঙ্গ ডুয়ার্স, নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৭১-৭২।
১০. রামকৃষ্ণ চট্টোপাধ্যায়, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৭৩।
১১. Labour Bureau, Economic and Social Status of Women Workers in India, New Delhi, The Breau, 1953, P-32.
১২. The Plantation Labour Act, 1951, Book-N-Trade, 2000, P-13, also, সুপর্ণা চ্যাটার্জি, চা-বাগিচার মহিলা শ্রমিক- রাজনীতি ও সচেতনতা, নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৯১।
১৩. আই. বি. ফাইল নং- ১০৬৫-৪৭ (১), বিষয় এ. এইচ. বেস্টারউইচ. আর. এস. পি. এস. আলিপুরদুয়ার।
১৪. ইন্দ্রনীল চট্টোপাধ্যায়, স্বাধীনতা-উত্তর ডুয়ার্সের চা-বাগানের শ্রমিক নেতা কালাসাহেব বেস্টারউইচ, নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৭৮।
১৫. Souparna Lahiri, Bonded Labour and the Tea Plantation Economy, https://www.revolutionarydemocracy.org/rdv6n2/tea.htm, accessed on 12/02/2023.
১৬. সুপর্ণা চ্যাটার্জি, স্বাধীনোত্তর ভারতবর্ষে শ্রমিক আইনের আলোকে চা-বাগানের মহিলা শ্রমিক (১৯৪৭-১৯৭৭), নির্বাণ বসু সম্পাদিত অনুসন্ধানে শ্রমিক ইতিহাস, প্রাগুক্ত, পৃষ্ঠা-১৮৮।
১৭. শ্রমজীবী ভাষা, ভল্যুম-৩, ইস্যুই -৬, ১ মার্চ, ২০১২, পৃষ্ঠা-১৯।
১৮. তদেব।
১৯. তদেব, পৃষ্ঠা-১৮।
২০. ভাস্কর নন্দী, চা শিল্পে ন্যূনতম মজুরি ও ত্রিপাক্ষিক চুক্তি, শ্রমজীবী ভাষা, ভল্যুম ৫, ইস্যুই ১০, ১ জুলাই, ২০১৫, পৃষ্ঠা-১১।
২১. ভাস্কর নন্দী, প্রাগুক্ত, পৃষ্ঠা-৯।
২২.https://www.thestatesman.com/cities/tea-wage-tripartite-talks-siliguri-22-feb-1502584525.html, accessed on- 10/11/2023.
২৩.https://www.hindustantimes.com/india-news/workers-affiliated-to-all-parties-unite-in-agitation-at-bengal-s-biggest-tea-garden/story-EdKk9l7FSLRxVB2oxOp2eM.html, accessed on- 10/12/2023.
২৪. Sandip Chakraborty, Tea Garden Workers Across Party Lines Decide to Fight Together for Minimum Wage in Bengal, Dated- 14 Sep 2021, https://www.newsclick.in/tea-garden-workers-across-party-lines-decide-fight-minimum-wage-bengal, Accessed on- 12/10/2023.

আন্তর্বিদ্যা

www.debracollege.ac.in

Doi: https://doi.org/10.5281/zenodo.15812638

বঙ্গভূমির পটভূমিতে কবিকঙ্কন মুকুন্দের চণ্ডীমঙ্গল

অভিষেক মুসিব, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ডেবরা থানা শহীদ ক্ষুদিরাম স্মৃতি মহাবিদ্যালয়

Submitted on: 24.01.2025

Accepted on 20.03.2025

সংক্ষিপ্তসার- *আমার এই প্রবন্ধে দেখানো হয়েছে কবি মুকুন্দ চন্ডীমঙ্গলের মধ্যে কীভাবে সামাজিক ইতিহাস ও আঞ্চলিক ইতিহাসকে তুলে এনেছেন। মধ্যযুগে বাংলার সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার জাতিগত চেহারা নিম্নবিত্তদের কাছে অভিশাপ নিয়ে এসেছিল। মোঘল সাম্রাজ্যের কেন্দ্রীয় শাসনের অধীন বাংলার সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থার ভয়াবহ প্রতিফলন কবির নিজের জীবনে দেখতে পাই। কাব্যের গ্রন্থোৎপত্তি অংশ তৎকালীন বাংলার রাজনৈতিক অত্যাচারের দলিল স্বরূপ। কবি মুকুন্দ রচিত 'চন্ডীমঙ্গল' আর্যেতর দেবী চন্ডীর উত্তরণের পাশাপাশি তৎকালীন সমাজ জীবনে নতুন অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে দিয়ে সাধারণ মানুষের উত্তরণের ইতিহাস এর মধ্যে চিত্রিত। কালকেতু চরিত্রটি তারই বাস্তব প্রতিফলন। ধর্মীয় বিদ্বেষের চেয়ে বেশি গুরুত্ব পেয়েছিল জীবিকা ও পেশার দ্বারা মানুষের অর্থনৈতিক স্বাধীনতা। কালকেতুর সমাজের গল্প কিভাবে দক্ষিণ রাঢ় বলয়ের ভূমি সংস্থানের সঙ্গে মানানসই হয়ে উঠেছে সেটিও এই প্রবন্ধের অন্যতম আলোচ্য। পঞ্চদশ-ষোড়শ শতকে বাংলার অরণ্যচারী মানুষদের সমাজজীবনের সঙ্গে সঙ্গতি রেখেই চন্ডীমঙ্গলের ব্যাধ-খন্ডের আখ্যান কাঠামো গড়ে তোলা হয়েছে। বণিকখন্ডে বাংলার বাণিজ্য অবস্থাকে কবি মুকুন্দ ধনপতির বানিজ্য-যাত্রার মধ্যে সুস্পষ্ট দেখিয়েছেন। ভূমি রাজস্ব ব্যবস্থা ও মুদ্রা বিনিময়ের ফলে সমাজে অর্থনৈতিক ধারা কিছুটা হলেও সচল ছিল। কৃষি ও বাণিজ্যই ছিল অর্থনীতির মূল ভিত্তি। ষোড়শ শতাব্দীর পর বাংলার বাণিজ্যে ক্রমশ ভাটা পড়তে থাকে এবং রাজ পৃষ্ঠপোষকতা না পাওয়ার দরুণ বাংলার বাণিজ্যেও বেহাল দশা আসে।*

সূচক শব্দ- *আর্যেতর, অর্থনীতি, ভূ-খন্ড, সামন্ততান্ত্রিক- সমাজ, জীবিকা ও পেশা, বাণিজ্য।*

মধ্যযুগের বাংলা সাহিত্য আধ্যাত্মিকতার অন্তরালে লৌকিক জন-জীবনের আখ্যান। সময় এবং সমাজের যুগলবন্দির ঘেরাটোপে কবিদের কলমে বেরিয়ে এসেছে দেব-দেবীর মাহাত্ম্যের অন্তরালে বাংলার সামাজিক রাষ্ট্রিক ইতিহাস। পৌরাণিক ছাঁচে বাংলার লোকায়ত দেব-দেবীর সংস্কার ও সমন্বয়ের দ্বারা আর্যেতর দেবীর

Doi: https://doi.org/10.5281/zenodo.15812638

পৌরাণিক দেবীতে পরিণত হওয়ার ইতিহাস যেমন রয়েছে মঙ্গলকাব্যগুলিতে তেমনি ধরা আছে সমাজে আর্যেতর শ্রেণির আর্যীকরণের ইতিহাস। কবিরা মঙ্গলকাব্যের পটভূমিতে তৎকালীন বাংলার বৃহত্তর লোকসমাজকে উপস্থাপিত করেছেন। ধর্মকে কেন্দ্র করে তৎকালীন রাজনৈতিক, আর্থসামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষিতকে চিহ্নিত করে দেয় মঙ্গলকাব্য। সমাজ জীবন থেকে উঠে আসা ইতিহাসের বেশ কিছু উল্লেখযোগ্য তথ্য ও গুরুত্বপূর্ণ ঘটনার সঙ্গে জড়িত হয়ে থাকে মানব সভ্যতার সমাজ বিবর্তনের ইতিহাস। কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল সেই বিবর্তনের ইতিহাসকেই দেখায়। ষোড়শ শতাব্দীতে চৈতন্য প্রবর্তিত ধর্মীয় রেনেশাঁস বাঙালির জাতীয় জীবনে যে ঢেউ-এর সঞ্চার করেছিল তাকে অনেকটাই দমিয়ে দেয় মোঘল সাম্রাজ্যের কেন্দ্রীয় শাসনের অধীন বাংলার সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থা। ধর্ম ও অর্থের টানাপোড়েনে বাঙালি মন তখন দিশেহারা। এর সঙ্গে পাল্লা দিয়ে বেড়ে চলেছিল রাজনৈতিক ও প্রশাসনিক অত্যাচার। ষোড়শ শতাব্দীতে কবি মুকুন্দ রচিত 'চণ্ডীমঙ্গল' আর্যেতর দেবী চণ্ডীর উত্তরণের পাশাপাশি তৎকালীন সমাজ জীবনে সাধারণ মানুষের উত্তরণের ইতিহাসও এর মধ্যে চিত্রিত। কবি কবি মুকুন্দ সেই ইতিহাসকে গোপন করেননি। পঞ্চদশ-ষোড়শ শতাব্দীতে ব্রাহ্মণ্য সমাজে প্রতিষ্ঠানলাভকারিনী দেবী চন্ডীর প্রকৃত রূপ জানতে গিয়ে অনেক সমালোচনা ও বিতর্কের জন্ম দিয়েছে। বেশিরভাগ সাহিত্য সমালোচক দেবী চন্ডীর উদ্ভব সম্পর্কে আর্য উৎস ও আর্যেতর উৎসের দিকে অঙ্গুলি নির্দেশ করেছেন। কোনো কোনো সমালোচকের মতে মার্কেন্ডেয় পুরাণে বর্ণিত চন্ডীদেবীই হল এই চান্ডীদেবী, আবার কারো মতে ছোটনাগপুর উপজাতির মধ্যে চান্ডী নামে যে লৌকিক দেবতার পূজা প্রচলিত আছে যা মূলত অষ্ট্রিক বা দ্রাবিড় গোষ্ঠীর দেবী, চান্ডীর উৎস সেখান থেকেই। দেবী চণ্ডীর প্রকৃত রূপ যাই হোক না কেন মোটামুটি বলা যেতে পারে মঙ্গলকাব্যে বর্ণিত দেবী চণ্ডী এক মিশ্র দেবী। এই মিশ্র দেবীর উদ্ভবের পশ্চাতে রয়ে গেছে তৎকালীন সামাজিক, রাজনৈতিক এবং অবশ্যই আঞ্চলিক ইতিহাস। বিদেশী বিধর্মীদের আক্রমণে বিপর্যস্ত উচ্চবর্ণের সমাজ নিজেদের সুবিধার্থে বা কখনো নিজেদের অস্তিত্ব বজায় রাখার জন্য নিম্নবর্ণের মানুষকে কাছে টেনে নিয়েছিল। এই আর্যীকরণের ইতিহাস তুর্কী আক্রমণের পরবর্তী মধ্যযুগে সমগ্র বাংলা সাহিত্যে কমবেশি পরিমাণে দেখা যায়।

কবি বা সাহিত্যিক মাত্রই নির্দিষ্ট সমাজ প্রতিবেশে তার রচনাকে উপস্থাপিত করেন। নির্দিষ্ট সমাজ পরিবেশে গড়ে ওঠে কবির মানসমণ্ডল। কবি মুকুন্দের চণ্ডীমঙ্গল নির্দিষ্ট অঞ্চলের পটভূমিতে গড়ে ওঠেনি। কবি তাঁর কাব্যকে এক জায়গায় নির্দিষ্ট কোনো ফ্রেমে রাখেননি। কবির নিজ বাসভূমি বর্ধমানের দামুন্যা থেকে মেদিনীপুর জেলার আরড়া রাজ বাঁকুড়া রায়ের আশ্রয় গ্রহণ ও রাজসভাকবি হিসাবে নিযুক্ত হওয়ার যে ইতিহাস তা রাঢ়বঙ্গের মধ্যেই সীমাবদ্ধ। কাব্যের পৌরাণিক খণ্ডকে বাদ দিলে আখেটিক খণ্ডের মূল ঘটনাস্থল মেদিনীপুর সীমান্ত কলিঙ্গ ও তার পার্শ্ববর্তী অঞ্চল। কালকেতু –ফুল্লরার মধ্য দিয়ে রাঢ় বাংলার অরণ্যচারী জনজীবনের কথাকে এই খন্ডে বিশেষভাবে প্রকাশ করা হয়েছে।বাস্তব জীবনে কবি কবি মুকুন্দ যে সমাজ অভিজ্ঞতা অর্জন করেছিল তারই নিরিখে রাঢ় বাংলার ভৌগোলিক সীমারেখাকে ব্যবহার করেছেন কাব্যের উপযোগী করে। তবে কাহিনী যে সবসময় বাংলার মধ্যেই সীমাবদ্ধ থেকেছে এমন নয়। পঞ্চদশ-ষোড়শ শতকে বাংলার অরণ্যচারী মানুষদের সমাজ জীবনের সঙ্গে সঙ্গতি রেখেই চন্ডীমঙ্গলের আখ্যান কাঠামো গড়ে উঠেছে। কালকেতুর আদর্শ গুজরাট নগরে আদৌ গুজরাট রাজ্যের ছায়া আছে কিনা নাকি বাংলার কোনো কোনো অঞ্চলের মধ্য দিয়ে একটি আদর্শ নগর নির্মাণের ইঙ্গিত সে বিষয় পরে আলোচ্য। চন্ডীমঙ্গলের পৌরাণিক খণ্ড ব্যতিরেকে কবি কবি মুকুন্দ পটভূমিরূপে বর্তমান বাংলার দক্ষিন-পশ্চিম অঞ্চলকে উপস্থাপিত করেছেন। রাঢ় অঞ্চলের ইতিহাসের তথ্যে না গিয়ে ভৌগোলিক সীমানা দ্বারা রাঢ় অঞ্চলকে চিহ্নিত করা যায়। 'উত্তরে বীরভূমের ময়ূরাক্ষী সীমা, দক্ষিণে মেদিনীপুরের ঝাড়গ্রাম মহকুমা, পূর্বে বর্ধমান ও হুগলীর আরামবাগ থেকে পশ্চিমে পুরুলিয়া সীমান্ত'- এ হল

লাল কাঁকুরে মাটির দেশ সব মিলিয়ে বৃহত্তর রাঢ় অঞ্চল।' কালকেতুর সমাজের গল্প দক্ষিণ রাঢ়ের।[i] এরই প্রান্তে বিজুবন এবং কলিঙ্গের সীমা। বিজুবন কেটে কালকেতুর গুজরাট নগর স্থাপন, দক্ষিণরাঢ় বলয়ের ভূমি সংস্থানের সঙ্গে একেবারে মানানসই[ii]।

বণিকখন্ডের কাহিনীতে সমাজের উচ্চস্থানীয় প্রতিনিধিদের প্রাধান্য। উঠে এসেছে বাংলার নগরজীবন। ভারতচন্দ্রের অন্নদামঙ্গলে বর্ণিত নাগরিক সমাজের সঙ্গে কবি মুকুন্দের চন্ডীমঙ্গলে বর্ণিত নগর জীবন একটু আলাদা। ভারতচন্দ্র কোনো বণিক চরিত্রকে উপস্থাপিত করেননি, সেখানে রাজা, রাজসভাসদ প্রধান। আর চণ্ডীমঙ্গলে বণিকখণ্ডের কাহিনী যাতায়াত করেছে বণিক সমাজের মধ্য দিয়ে। অষ্টাদশ শতকে বঙ্গদেশের বহির্বাণিজ্য ক্রমশ ধসে পড়ছিল, বৈদেশিক বাণিজ্যের আঘাতে বাংলার বাণিজ্যের তখন শোচনীয় অবস্থা। সে কারণে ভারতচন্দ্রের অন্নদামঙ্গলে কোনো বণিক চরিত্রের উল্লেখ পাইনা। বণিকখণ্ডের ধনপতি –শ্রীমন্ত কাহিনীতে ইছানি ও উজানি নগরের উল্লেখ রয়েছে। ইছানি ও উজানি সেই সময় বাংলার অতি সমৃদ্ধশালী দুটি নগর। ধনপতি সদাগর খুল্লনার কাছে নিজের পরিচয় সম্পর্কে জানিয়েছিলেন-

সাধু ধনপতি আমি বাস হে উজানি
গন্ধবণিক জাতি বিদিত অবনী।।

এই উজানি শহরটি বর্ধমান জেলার কাটোয়া মহকুমার মঙ্গলকোট থানার অন্তর্গত উজানি কোগ্রাম (কোগাঁ নামে পরিচিত)। অজয় নদীরতীরে কোগাঁ[iii]। চণ্ডীমঙ্গল কাব্যে বলা হয়েছে 'গৌড়ে বিখ্যাত যার স্থান উজানি' অর্থাৎ এই উজানি নগর গৌড়বঙ্গের অন্তর্গত কোনো একটি নগর। ভবিষ্যপুরাণের বর্ণনায় গৌড় বর্ধমানের উত্তরে ও পদ্মানদীর দক্ষিণে অবস্থিত। মুরারিমিশ্রের 'অনর্ঘরাঘব' থেকে জানা যায় চম্পা ছিল গৌড়ের রাজধানী। ধনপতি যখন গৌড়ের রাজদরবারে যায় সেই যাত্রাপথের বিবরণে বড়গঙ্গার কথা উল্লিখিত হয় –'বড় গঙ্গা পার হয়্যা গৌড় প্রবেশে'। উল্লেখ্য পঞ্চদশ শতকের গোড়াতেই পদ্মা বৃহত্তরা নদী এবং বড়গঙ্গা নামে পরিচিত[iv]। বণিকখন্ডে কাব্যের পরিসর অনেক বেশি। কাহিনী গৌড় প্রদেশের বিভিন্ন স্থানে বিশেষ করে বর্ধমান ও হুগলী জেলার মধ্যে প্রসারিত হয়েছে। এর কিছু কারণ ছিল। বণিকখন্ড বণিকসমাজের গল্প ; বর্ধমান ও হুগলী জেলাকে কেন্দ্র করে মধ্যযুগে একটি অত্যন্ত শক্তিশালী সংঘবদ্ধ বণিক সমাজ গড়ে উঠেছিল। মধ্যযুগে বাংলার অর্থনৈতিক ইতিহাসে এই বণিকেরা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। উজানি নগরে স্বর্ণবণিকদের প্রভাব বেশি ছিল। ধনপতি সদাগর পাঁচজন সুবর্নবণিককে গৌড় থেকে উজানিনগরে নিয়ে আসেন। বর্ধমান, চম্পাই, কর্জনা, গনপুর, সিতুনপুর, পাঁচড়া, সপ্তগ্রাম, উজানি, ইছানি, বড়সুল, ফতেপুর, গণেশপুর, দশঘরা, সাঁকো, কাইতি, ত্রিবেনী, লাউগ্রাম, বিষ্ণুপুর, খন্ডকোষ এবং গৌড়ে এই বণিকদের বাসস্থান ছিল। বঙ্গদেশে বাণিজ্যিক সুবিধার জন্য নদীকেন্দ্রিক অঞ্চলগুলিতে বণিকসম্প্রদায় গড়ে উঠেছিল। সেই সময় বাংলার ব্যবসা-বাণিজ্য জলপথের মাধ্যমেই বেশি সম্পন্ন হত। ধনপতি ও শ্রীমন্তের সিংহল যাত্রাপথে বাংলার বিভিন্ন অঞ্চলের উল্লেখ রয়েছে। চণ্ডীমঙ্গলে ধনপতির সিংহল যাত্রাপথের বিবরণ নিম্নরূপ উজানী – ইন্দ্রানী- চণ্ডীগাছা- নবদ্বীপ – পাড়পুর– সমুদ্রগড়ি- আম্বুয়ামুলিক- শান্তিপুর- গুপ্তিপাড়া- কুলিয়া- মহেশপুর– ফুলিয়া- হালিশহর- ত্রিবেণী (দক্ষিণে) সপ্তগ্রাম- নিমাইতীর্থ- মাহেশ (ডাহিনে) খড়দহ- কোন্নগর- কুচিগ্রাম- চিত্রপুর- সালিখা- কলিকাতা- বেতড়- হিংজুলি- বালীঘাটা– কালীঘাট- মাইনার- নাচনগাদা- বৈষ্ণবঘাটা- বারাসত- ছত্রভোগ- হাতেঘর- মগরা– সঙ্কেতমাধব- কলাহাট- ধূলিগ্রাম ফিরিঙ্গিদেশ দ্রাবিড়দেশ- সেতুবন্ধ- চন্দ্রকূটপর্বত- সীতাখালি- কালীদহ- সিংহল। শ্রীমন্তের সিংহল যাত্রাপথের বিবরণও প্রায় অনুরূপ। এই যাত্রাপথের বাস্তব অভিজ্ঞতা কবির ছিল না। কিন্তু ইতিহাসে এই যাত্রাপথের বিবরণের উল্লেখ আছে। বাংলার প্রাচীণ বাণিজ্য পথের সন্ধান দেয় ধনপতির গল্প।

Doi: https://doi.org/10.5281/zenodo.15812638

অন্ত্যজ সমাজের দারিদ্র্য স্বরূপ ফুল্লরার বারমাস্যা অংশে বর্ণিত। কালকেতু উপাখ্যানে ফুল্লরার বারো মাসের দুঃখ বর্ণণায় মূলত অন্ন ও বস্ত্রের অভাবের কথাই ফুটে উঠেছে। ফুল্লরার দারিদ্র্য জীবন দেখানো হলেও তা মধ্যযুগের সার্বিক সমাজের চিত্র ছিল না। আকবর প্রবর্তিত ভূমি রাজস্ব ব্যবস্থা ও মুদ্রা বিনিময়ের ফলে সমাজে অর্থনৈতিক ধারা কিছুটা হলেও সচল ছিল। তৎকালীন সময়ে কৃষি ও বাণিজ্যই ছিল অর্থনীতির মূল ভিত্তি। বাণিজ্যের দিক থেকে বণিকদের দ্বারাই বাংলায় একটি আন্তর্জাতিক বাজার গড়ে উঠেছিল। চন্ডীমঙ্গলে বিভিন্ন আমদানি ও রপ্তানিজাত দ্রব্যের উল্লেখ পাই। আমদানিজাত দ্রব্য যথা শঙ্খ, লবঙ্গ, জায়ফল, শ্বেতচামর, সৈন্ধব লবন, জিরা, হীরা, চন্দন, মুক্তা, কুরুঙ্গ, শুয়া, কর্পুর, পাখরি ইত্যাদি আর রপ্তানি দ্রব্য রূপে পাই ঘোড়া, রাজহংস, ঘুঘু, পায়রা, হরিণ, বাঘ, সিংহ, বাজপাখি, কপোত, আম, তাল, কলা, কুল, নারিকেল, ঘৃত, দুধ, মধু, যব, সরিষা, তিল, ছোলা, মুসুর, মুগ, বরবটি, পান, সুপারি, পাট, কাঁচ, লবণ, সিন্দুর, বস্ত্র প্রভৃতি দ্রব্য। রপ্তানীজাত দ্রব্যগুলি থেকে অনুমান করা যায় তৎকালীন বাংলায় কৃষিব্যবস্থা উন্নত ছিল। ষোড়শ শতাব্দীর পর স্বাধীন রাজার প্রয়োগ নীতি বন্ধ হয়ে যায়। সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায় যে রাজ্যশাসন বঙ্গদেশে চলতে থাকে তা মূলত করদ রাজ্য। প্রত্যেক সামন্তপ্রভু প্রজার উপর অতিরিক্ত করের বোঝা চাপিয়ে দেওয়ায় বাংলার অর্থনীতিরও বেহাল দশা ঘটে। ষোড়শ শতাব্দীর পর বাংলার বাণিজ্যে ক্রমশ ভাটা পড়তে থাকে। রাজপৃষ্ঠপোষকতা না পাওয়ার দরুণ বাণিজ্যেও একরকম বেহাল অবস্থা তৈরি হয়। পূর্ববর্তী সমাজ ব্যবস্থায় বাণিজ্যে যা আমদানি রপ্তানী হয় তা পুরোপুরি রাজার সম্পত্তির অধীন। এই দিক দিয়ে মনসামঙ্গলের চাঁদসদাগরের সঙ্গে চণ্ডীমঙ্গলের ধনপতির পার্থক্য রয়েছে। চাঁদসদাগরকে রাজনির্দেশে কোথাও বাণিজ্যে বের হতে হয়নি তার নিজের বাণিজ্য তরী রয়েছে, কৃষি ও বাণিজ্যের স্বাধীন অর্থনীতিতে সে স্বাধীন, বণিক হয়েও সে রাজা। অপরদিকে চণ্ডীমঙ্গলের ধনপতি সদাগর একজন বিলাসী পুরুষ যে পায়রা উড়িয়ে পাশা খেলে সময় কাটায়। স্বাধীন অর্থনীতি এখানে বিপর্যস্ত। ধনপতির কৃষি নেই, বাণিজ্যও সেভাবে দেখি না। আর তাছাড়া ধনপতি সদাগর বাণিজ্যের জন্য সিংহলে যায়নি, গিয়েছিল রাজার নির্দেশে চন্দনকাঠ আনতে। ধনপতির মত শ্রীমন্তকেও গৌড়ে যেতে হয়। বলা যেতে পারে গৌড়ের রাজদরবারে যাওয়াটা এদের কাছে ছিল বাধ্যতামূলক। শ্রীমন্তও বাণিজ্যের জন্য সিংহলে যায়নি, গিয়েছিল নিজের পিতাকে খুঁজে আনার জন্য। সুতরাং পূর্বে বণিক সমাজের যে স্বাধীনতা ছিল পঞ্চদশ-ষোড়শ শতকে সেই স্বাধীনবণিক বৃত্তির অবসান ঘটে। সুতরাং 'মনসামঙ্গল'-এর চাঁদসদাগরের কাহিনী সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার পূর্ববর্তী বাংলার বণিকপ্রাধান্য সমাজের গল্প, 'চণ্ডীমঙ্গল'-এর ধনপতি সদাগরের কাহিনী সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থায় বণিকসমাজের কাহিনী।

বিশেষ এক রাজনৈতিক পরিবেশে কবি কবি মুকুন্দকে দামুন্যা ছেড়ে আড়রা ভূমিতে যেতে হয়। কবির কাছে এই যাত্রাপথ মোটেই সুখের ছিল না। তৎকালীন রাজনৈতিক অত্যাচার প্রজার জীবনে যে কি ভয়ঙ্কর অভিশাপ নিয়ে এসেছিল তার প্রমাণ কবি মুকুন্দ নিজেই। কাব্যের গ্রন্থ উৎপত্তি অংশে তার পরিচয় আমরা পাই। মেদিনীপুরের সেলিমবাদ পরগণায় সম্ভবত গোপীনাথ নন্দী দামুন্যার তালুকদার ছিলেন। সঠিক সময়ে রাজস্ব জমা না পড়লে জমিদার বা ডিহিদারের কাছ থেকে তালুকদাররা রেহাই পেতেন না। সম্ভবত রাজস্ব না দেওয়ার কারণে চন্ডীমঙ্গল কাব্যে উল্লিখত তালুকদার গোপীনাথ নন্দী বন্দী হয়েছিলেন। রাজস্ব আদায় সঠিকমতো না হলে সবচেয়ে বেশি প্রজাপীড়ন করত ডিহিদারেরা। ছোটো ছোটো কয়েকটি গ্রাম নিয়ে গড়ে উঠত মৌজা আর এই মৌজার অধিপতি হতেন ডিহিদার। কবি জানিয়েছেন-

‘ধন্য রাজা মানসিংহঃ বিষ্ণুপদাম্বুজভৃঙ্গঃ গৌড় বঙ্গ উৎকল অধিক।
সে মানসিংহের কালেঃ প্রজার পাপের ফলেঃ ডিহিদার মামুদ সরিপ।।

রাজনৈতিক ও প্রশাসনিক অত্যাচার থেকে মুক্তি পেতে কবি দামুন্যা ত্যাগ করে সপরিবারে আরড়ায় এসে উপনীত হন। আড়রা প্রদেশ উড়িষ্যা সুবার অন্তর্গত ছিল। প্রজার উপর অত্যাচারের মাত্রা বোঝাতে গিয়ে কবি উল্লেখ করেছেন সমাজ শোষণের এক বিকৃত রূপ –

উজির হল রায়জাদাঃ বেপারিয়ে দেয় খেদাঃ ব্রাহ্মণ বৈষ্ণবের হল্য অরি ।
মাপে কোনে দিয়ে দড়াঃ পনর কাঠায় কুড়াঃ নাহি শুনে প্রজার গোহারি ।।
সরকার হইলা কালঃ খিল ভূমে লেখে লালঃ বিনা উপকারে খায় ধুতি ।
পোদ্দার হইল যমঃ টাকা আড়াই আনা কমঃ পায় লভ্য লয় দিন প্রতি ।।

ষোড়শ শতকে আকবর কর্তৃক প্রবর্তিত মনসবদারী ও জায়গিরদারি ব্যবস্থায় সামন্ততান্ত্রিক সমাজে বেশ কিছু মধ্যবিত্ত ভুঁইফোড় সম্প্রদায়ের আবির্ভাব ঘটে। এরা রাজস্ব আদায়ের জন্য অধস্তন কর্মচারীদের উপর চাপ দিতে থাকে যার ফল ভোগ করে প্রজারা। রাজস্ব দিতে না পারলে অত্যাচারের মাত্রা প্রবল হয়ে উঠত। কবি কবি মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যের গ্রন্থোৎপত্তি অংশ তৎকালীন বাংলার রাজনৈতিক অত্যাচারের দলিল স্বরূপ। এ কবির বাস্তব অভিজ্ঞতা। বাস্তব অভিজ্ঞতার প্রত্যক্ষ অভিশপ্ত জীবন কবি কোনোদিন ভুলতে পারেননি। তৎকালীন সমাজে আদর্শ রাজার নেতৃত্বে প্রজাদের সুখে থাকার যে স্বপ্ন কবি দেখতে চেয়েছিলেন পরবর্তীকালে তাকেই বোধহয় নির্মাণ করেছেন কালকেতুর গুজরাট নগর প্রতিস্থাপনের মধ্য দিয়ে যেখানে অন্তত রাজস্ব মেটাতে গিয়ে প্রজাকে সর্বস্বান্ত হতে হবে না। কিন্তু পঞ্চদশ-ষোড়শ শতাব্দীতে জায়গীরদারি প্রথায় সে ব্যবস্থা ছিল অসম্ভব, তাই কবির সেই আদর্শ নগর নির্মাণের পিছনে অলৌকিক কাহিনীরূপে দেবীচণ্ডীর কৃপাকে জুড়ে দিতে হয়। দেবীচণ্ডীর কৃপার উপর ভর করে প্রজাদের প্রতি কালকেতুর আহ্বান-

আমার নগর বৈস জত ভূমি চাষ চষ
সাত সন বই দিয় কর ।
হাল পীছে এক তঙ্কা না করিহ কারে শঙ্কা
পাটায় নিসান মোর ধর ।

শৈশব জীবনে ডিহিদারের অত্যাচারের কথা স্মরণ ছিল বলে তিনি কালকেতুকে দিয়ে বলতে পেরেছিলেন 'ডিহিদার নাহি দিব দেশে'। চণ্ডীর কাছে পশুদের সনির্বন্ধ অনুরোধ অংশটি যেন শোষক সমাজের প্রতি দরিদ্র প্রজার সকরুণ আর্তনাদ। কালকেতুর গুজরাট নগর নির্মানে বহু জাতি ও বহু ধর্মের মানুষ বসবাসের আশায় কালকেতুর আহ্বানে সাড়া দিয়েছে। শুধুমাত্র হিন্দু প্রজাই নয় সেখানে মুসলিম প্রজাবর্গও সাদরে স্থান পেয়েছে। বিচিত্র জাতি ও বহু বর্ণের মানুষের একত্রে অবস্থান গ্রামে সম্ভব নয় বলেই হয়তো নগরের পরিকল্পনা। বহু বৃত্তিধারি ও জাতি বর্নের মানুষ নিজেদের আর্থিক স্বচ্ছলতার অভিপ্রায় নিয়ে নগরে উপস্থিত হতে চেয়েছে। কালকেতু প্রতিষ্ঠিত এই নগর কোনও একটি বিশেষ সম্প্রদায়ের জন্য নয়, সব জাতির জন্য সমানাধিকার। এই নগরে যে ভাবে বসতি গঠন করা হয়েছে তা স্বতন্ত্র বসতি-গঠনের পুরাতন ভারতীয় ঐতিহ্য মেনে রেখেই। বিভিন্ন শ্রেণির জন্য বিভিন্ন পাড়া নির্মাণ করা হয়েছে। নগরের পশ্চিমদিকে কালকেতু মুসলিম সম্প্রদায়কে বসতি স্থাপনের জন্য আহ্বান জানায়-'বৈসে যত মুসলমান'। বসবাসের সময় প্রতিটি জাতির শ্রেণি-বর্ণ-স্তর' কে মান্যতা করা হয়েছে। কালকেতুর গুজরাট নগরী যে সত্যিই একটি আদর্শ নগর রাষ্ট্র তা বোঝা যায় লক্ষ মানুষের আগমনে-'ত্যাগ করি কলিঙ্গে /লক্ষ ঘর প্রজাসঙ্গে/একস্থানে করিব বসবাস' একটি নগরে বসবাসের জন্য চাই লক্ষাধিক জনতা। সামন্ততান্ত্রিক অত্যাচার থেকে মুক্তি পেতে সমাজ অভিজ্ঞ মানুষ দলে দলে নগরে ভিড় করতে চেয়েছে। এ হেন নব নির্মিত কালকেতুর প্রত্যাশী গুজরাট নগর গড়ে উঠেছে নদী থেকে কিছুটা দূরে। হয়তো পূর্ববর্তী অভিজ্ঞতার স্মৃতিতে ধরা আছে পার্শ্ববর্তী কলিঙ্গ নগরের বন্যায় ভেসে যাওয়ার দৃশ্য। তাই আর যাতে নতুন করে কোন দৈব

Doi: https://doi.org/10.5281/zenodo.15812638

বিপাক না আসে সে ভাবনাকে মাথায় রেখে নদী থেকে কিছুটা দূরে গুজরাট নগরকে গড়ে তোলা হয়েছে। গোলাহাটকে কেন্দ্র করে এই নগরায়ণ তৈরি হয়েছে। যত কিছু আমদানি –রপ্তানি ঘটে এই গোলাহাটের মধ্য দিয়ে। কৃষি পন্যের পাশাপাশি 'হীরা-নীলা-মোতি-পলা' এবং প্রয়োজনীয় যুদ্ধাস্ত্র গুলিও এখানে কেনা বেচা হয়। 'বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ' –এই প্রবাদটিকে সামনে রেখেই গ্রামীণ জীবনধারার বিপরীতে হাঁটতে চেয়েছে নগরের মানুষ।

চন্ডীমঙ্গলের কাহিনীর মধ্যেই উঠে এসেছে তৎকালীন বাংলার সমাজ জীবনের প্রতিচ্ছবি। বর্ণভিত্তিক সামাজিক স্তরভেদে বিভিন্ন শ্রেণির মানুষের পেশাগত পরিচয় পাওয়া যায়। A.K.Nazmul Karim –এর মতে- "The description of how to different functional groups within the village maintained a heir archival relationship is to be found in the writings of the Bengali poet Mukundaram, who composed his epic probably in the sixteenth century (between 1578-1589 A.D) at Burdwan (in west Bengal).The picture drawn by Mukundaram is unique, because there is no other contemporary account giving the details of village –life, as it is existed before it was substantially affected by the impact of Muslim rule " কবি মুকুন্দের চন্ডীমঙ্গলে সামাজিক স্তর বিন্যাসের চিত্রটি সুস্পষ্টভাবে অঙ্কিত। গুজরাট নগর প্রতিষ্ঠার সময় জাতি-বর্ণ প্রথা এবং সামাজিক শ্রেণিবিভাগ দুটিই সমানভাবে দেখানো হয়েছে। ঐতিহাসিক আল-বেরুনী লিখেছেন- 'এদেশে ব্রাম্ভণ, কায়স্থ ও বৈশ্যরা হচ্ছে উচ্চশ্রেণিভুক্ত। আর মেহনতি বা শ্রমজীবী মানুষ হচ্ছে নিম্নশ্রেণিভুক্ত। নিম্নশ্রেণির মানুষকে কোনো বিশেষ বর্ণ বলে গণ্য করা হয় না। পেশা বা জীবিকাই এদের বর্ণ। সমাজে এরা অন্ত্যজ, উচ্চশ্রেণির মানুষকে সেবা করাই এদের কর্তব্য'। কালকেতু নিজে অন্ত্যজ শ্রেণির প্রতিনিধি। আদৌও সমাজের উচ্চস্তরে প্রাধান্য পাবে কিনা এই বিষয়ে সংশয় জাগে –'পুরোহিত কেবা মোর হইবে ব্রাহ্মণ/নিচ উত্তম হয় পাইলে কিবা ধন'। গ্রাম্য পেশায় নিযুক্ত প্রত্যেকে অর্থনৈতিকভাবে স্বাধীন ছিল। কবি কবি মুকুন্দ চক্রবর্তী চন্ডীমঙ্গলের কাহিনীর মধ্যে বঙ্গদেশের আঞ্চলিক চিত্রকে স্পষ্টভাবে দেখিয়েছেন। কবি নিজে বর্ণহিন্দুর উচ্চশ্রেণিতে অবস্থান করলেও ব্রাহ্মণদের পাশে শূদ্রদেরকেও এক স্থানে ঠাঁই করে দিয়েছেন। শুধুমাত্র শূদ্ররা নয় , যে বিধর্মী শাসনে তিনি বাস্তুহারা হয়েছিলেন সেই মুসলিম সমাজের সঙ্গে কবির আপোষ করে নিতে অসুবিধে হয় নি। এর কারণ হিসাবে বলা যায় তুর্কি আক্রমণের প্রাথমিক পর্যায়ে যে সাম্প্রদায়িক সংঘর্ষ তৈরি হয়েছিল পঞ্চদশ-ষোড়শ শতাব্দীতে তা অনেকটাই শিথিল হয়ে যায়। হিন্দু সমাজের নিম্নস্তর থেকে মুসলিম সমাজের প্রতি ক্রমশ সহাবস্থানের জায়গা তৈরি হয়ে গিয়েছিল সামাজিক – রাজনৈতিক কারণে। চন্ডীমঙ্গলে কালকেতু যখন নগর নির্মাণ করে তখন হিন্দুদের পাশাপাশি মুসলিম সমাজের জন্যও একটি আলাদা বসতি স্থাপন করে ।কালকেতু নিজে শূদ্র শ্রেণির প্রতিনিধি ।তার কাছে ধর্মীয় বিদ্বেষের চেয়ে বেশি গুরুত্ব পেয়েছিল জীবিকা ও পেশার দ্বারা মানুষের অর্থনৈতিক স্বাধীনতা যা মধ্যযুগের বঙ্গদেশে একান্ত অভাব ছিল। কাব্যের মধ্যে দেখা যায় সেকালের শ্রমজীবি মানুষের পরিচয় যথা– সুতায় মাজা দেওয়া, পিঠা বিক্রয় করা, পাট তৈরি করা, তাঁতির চিরুণি প্রস্তুত, কাগজ তৈরি, মৎস্য বিক্রয় ইত্যাদি। মুসলিম সমাজেও নানা বৃত্তি ছিল- 'নানাবৃত্তি করিআ বসিল মুসলমান'। সমাজে রাঢ়ী ও বরেন্দ্রী উভয় শ্রেণির ব্রাহ্মণ বর্তমান ছিল। উল্লেখ্য আদিশূরের সময় যে পঞ্চ ব্রাহ্মণ পশ্চিম প্রদেশ থেকে এসেছিল তাদের সন্তানরা রাঢ়ী ও বরেন্দ্রী নামে পরিচিত হয়[৮]। ব্রাহ্মণদের অন্যতম বৃত্তি ছিল যজমানী করা। গুজরাট নগরে বিভিন্ন জাতির পরিচয় পাওয়া যায়। যথা তেলি, তাম্বুলি, কুম্ভকার, মালী, বারুই, নাপিত, মোদক, গন্ধবণিক, শঙ্খবণিক, সাঁপুড়ে প্রভৃতি। প্রত্যেকেরই বৃত্তিগত পরিচয় ছিল আলাদা। সমাজে যে কুলীন ও কায়স্থদের বিশেষ প্রভাব ছিল তা ভাঁড়ুদত্তের কথাতেই স্পষ্ট-

'কোনজন সিন্ধুকুল সাধ্য কেহ ধর্মমূল
দোষহীন কায়েস্থের সভা
.....
অনেক কায়স্থ মেলা দেখিআ তোমার খেলা
আইলাম তোমার সন্নিধান ।

চন্ডীমঙ্গলে কায়স্থদের দোকানদার ও বণিকসমাজের মুহুরির কার্য গ্রহণের উল্লেখ রয়েছে। কায়স্থদের মধ্যে অনেক জাতি মিলে মিশে আছে। একদল আদিশূরের পূর্ব থেকেই বঙ্গদেশে ছিল আর একদল যারা আদিশূরের সময় পঞ্চসাগ্নিক বিপ্রের সঙ্গে বঙ্গদেশে এসেছিল[vi]। সমাজে বণিকেরাই ছিল সর্বেসর্বা। তবে বণিক সমাজ আবার চারটি শ্রেণিতে বিন্যস্ত ছিল। যথা গন্ধবণিক, সুবর্ণবণিক, কাংস্যবণিক, ও শঙ্খবণিক। গন্ধবণিকদের সমাজে উচ্চবর্ণ রূপে বিশেষ খ্যাতি ছিল। এদের আরাধ্যা দেবী ছিল গন্ধেশ্বরী। গন্ধেশ্বরী দেবীকে প্রণাম করে এরা দোকানে বসত[vii]। গন্ধবণিকেরাই সমুদ্রপথে বাণিজ্যে বের হত। ধনপতি সদাগর একজন গন্ধবণিক ছিলেন।

বর্ণভিত্তিক সমাজে ব্রাহ্মণ ও শূদ্রদের মধ্যে স্বাভাবিক দূরত্ব বজায় ছিল। সমাজে যারা অন্ত্যজ শ্রেণি তারাও দীর্ঘদিনের বঞ্চনা ও সমাজে অভিজ্ঞতার ভিত্তিতে এই ব্যবস্থাকে তাদের অদৃষ্ট বলেই মেনে নিয়েছিল। তাই কোনো কারণে যদি উচ্চবর্ণ শূদ্রদের সঙ্গে সঙ্গতি স্থাপন করতে চাইত সেক্ষেত্রে অন্ত্যজ শ্রেণির মধ্যে সন্দেহের বাতাবরণ তৈরি হত। তাই দেবী চন্ডী যখন কালকেতুকে তার পূজা প্রচার করতে বলেছেন তখন কালকেতু তার স্বধর্ম থেকে বিচ্যুত না হয়ে বিস্মিত কণ্ঠে দেবীকে জিজ্ঞাসা করেছে-

'অতি নীচ কুলে জন্ম জাতিতে চোয়াড়।
কেহো না পরশে জল লোকে বলে রাঢ়।।
পুরোধা আমার হবে কেমনে ব্রাহ্মণ
নীচ কি উত্তম হবে পাইলে বহু ধন।।"

দেবী চন্ডীর কাছে কালকেতুর এই প্রশ্নই সমাজে তাদের মত নিম্নজীবী সম্প্রদায়ের অবস্থানকে চিহ্নিত করে দেয়। জাতিগত আভিজাত্যের পরিচয় দেবখন্ডে দক্ষযজ্ঞের কাহিনীর মধ্যেও দেখা যায়। রাজা দক্ষ শিবের হীনজাতি ও অসভ্য আচরণের উল্লেখ করে শিবকে যেভাবে অপমান করে তা আসলে নিম্নবর্ণের প্রতি উচ্চবর্ণের অবজ্ঞা। কালকেতুর মতো অশিক্ষিত গরীব অন্ত্যজ প্রান্তিক শ্রেণির মানুষেরা উচ্চবর্ণের কাছে চিরকাল অবহেলিত থেকে গেছে। শূদ্র সমাজের প্রতি উচ্চবর্ণের যে সংস্কার বোধ বাঙালি মানসে ধরা ছিল কবিকঙ্কন তারই বাস্তব প্রতিফলন দেখিয়েছেন এই অংশে।

বিবাহ বা অন্যান্য অনুষ্ঠানে সামাজিক আচার বিধান জাতিগত পার্থক্যের কারণে ভিন্ন ভিন্ন রীতিতে সম্পন্ন হত। কালকেতুর বিবাহের আয়োজন সারা হয়েছে সংক্ষিপ্তভাবে। বিপুল আড়ম্বর সেখানে নেই বললেই চলে অথচ ধনপতি–খুল্লনার বিয়ের আয়োজনের ক্ষেত্রে কবি বিস্তৃত বর্ণনা দিয়েছেন। সমাজে উচ্চবর্ণের বিবাহে লৌকিক রীতিনীতিকে কবি কোথাও বাদ দেননি। তিনি নিজে একজন ব্রাহ্মণ তাই উচ্চবর্ণের বাঙালি হিন্দুসমাজে বিবাহরীতি তাঁর জানা ছিল। ধনপতি –খুল্লনার বিবাহ অনুষ্ঠানের ভিতর দিয়ে মধ্যযুগে বাঙালি সমাজে বিবাহ অনুষ্ঠানে যে সমস্ত সামাজিক রীতিনীতিগুলো প্রচলিত ছিল সেগুলোকে বাস্তবায়িত করা হয়েছে-

পাটে চড়ে রূপবতী প্রদক্ষিণ করে পতি
শুভমুখে দুইজনে ছামনি
দিলেন পতির গলে আপনার কণ্ঠমালে
বামাগণ দিল জয়ধ্বনি।

Doi: https://doi.org/10.5281/zenodo.15812638

হিন্দু বাঙালি সমাজে এই বিবাহ রীতি আজও বর্তমান। কবি মুকুন্দ 'চন্ডীমঙ্গল' কাব্যের দুটি খন্ডে সমাজের দুটি ভিন্ন স্তরের কাহিনী প্রসঙ্গে তাদের জীবনযাত্রার পার্থ্যকের জায়গাটিকে স্পষ্টভাবে দেখিয়েছেন। কালকেতু– ফুল্লরাদের জীবনে সোনা অতি দুর্লভ বস্তু। পিতল, তামা, দস্তা প্রভৃতি ধাতু দ্বারা নির্মিত অলঙ্কারই ছিল তাদের কাছে ঐশ্বর্যস্বরূপ। সোনা, হীরে প্রভৃতি মুল্যবান ধাতুর ব্যবহার তো দূরে থাক, সেগুলি দেখাও ছিল তাদের কাছে সৌভাগ্যের বিষয়। কিন্তু কালকেতু– ফুল্লরা সেই সৌভাগ্য থেকেও বঞ্চিত ছিল। কালকেতু যখন দেবী প্রদত্ত মানিক অঙ্গুরিটি নিয়ে মুরারি শীলের কাছে যায়তখন মুরারি শীল ধাতুর আসল মূল্য বুঝতে পেরে ঠকানোর লোভে কালকেতুর জীবনে পরিচিত একটি ধাতুর কথাই বলেছিল-

সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল
ঘষিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল

মুরারি শীল সচেতন ভাবেই পিতলের পূর্বে 'বেঙ্গা' শব্দটি জুরে দিয়ে কালকেতুকে অন্য পথে চালিত করতে চেয়েছিল। সমাজে মুরারি শীলদের মতো ধূর্ত কপট ব্যবসায়ীর অভাব ছিল না। যে নির্দিষ্ট অঞ্চলে কবি তার জীবন বাস্তবতাকে প্রত্যক্ষ করেছেন স্বাভাবিক ভাবেই সেই অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ কাব্যের মধ্যে স্থান লাভ করেছে। কবি কবি মুকুন্দ রাঢ় বাংলার বিস্তৃত পতভূমিতে তাঁর কাব্য রচনা করেছেন। কাব্যের মধ্যে উঠে এসেছে রাঢ় বাংলার বিভিন্ন অঞ্চলের কথা। রাঢ় বাংলার জঙ্গলাকীর্ন প্রাকৃতিক পরিবেশকে ব্যাধখন্ডে চিত্রিত করা হয়েছে। এক্ষেত্রেও কবিকঙ্কনের বাস্তবতার পরিচয় পাওয়া যায়। ফুল্লরার বারমাস্যা অংশে বাংলার ঋতুবৈচিত্র্যের কথা বলা হয়েছে। বাংলার বারমাসের বৈশিষ্ট্যকে ফুল্লরারা জীবন ধারার সঙ্গে মেলানো হয়েছে। ফুল্লরারা বারোমাস্যারা কাহিনী ঋতুবৈচিত্র্যের দ্বারা বঙ্গদেশের জলবায়ুকে চিহ্নিত করে-

বৈশাখে বসন্ত ঋতু খরতর খরা
ভাদ্র পথ মাসে রামা দুরন্ত বাদল
নদনদী একাকার আট দিকে জল
পৌষে প্রবল শীত সুখী জগজন
তুলি পাড়ি পাছুড়ি শীতের নিবারণ

বর্তমানে জনবসতি ঘন হওয়ার দরুণ জীবিকার সন্ধানে বন কেটে বাসস্থান তৈরি হলেও পঞ্চদশ ষোড়শ শতকে বাংলার বিস্তীর্ণ ভূ-ভাগ ছিল বনাঞ্চল। সাঁওতাল পরগণা, পশিচম বীরভূম, পশ্চিম বর্ধমান এবং মানভূম- সিংভূম, এর বেশিরভাগ অঞ্চল ছিল ঘন অরণ্য দ্বারা আবৃত। বাংলার বিস্তৃত রাঢ় অঞ্চলের অরণ্যভূমি ছিল হিংস্র জীবজন্তুদের উপযুক্ত বাসস্থান। কালকেতুর বন কেটে গুজরাট নগর নির্মণ কবিকঙ্কনের কাছে ছিল একটি কল্পিত নগরের সন্ধান। বঙ্গদেশের পশ্চিমাংশ যা পশ্চিম রাঢ় বলে চিহ্নিত সেখানের গ্রামাঞ্চল পার্বত্য অরণ্য প্রদেশ দ্বারা বিস্তীর্ণ এলাকা জুড়ে থাকার ফলে বাংলার বেশ কিছু আদিম জনগোষ্ঠী এই অঞ্চলে প্রথম থেকেই বসবাস করতে থাকে। নৃতত্ত্বের বিচারে এই রাঢ় অঞ্চলের আদিবাসীরা ছিল আদি অষ্ট্রেলীয় গোষ্ঠীর অন্তর্গত। এ অঞ্চলের অধিবাসীরা প্রথম থেকেই খুব বলশালী ও যুদ্ধবিদ্যায় পারদর্শী ছিল। বিভিন্ন হিংস্র জীবজন্তুদের সঙ্গে সংগ্রাম করে এদেরকে জীবন কাটাতে হত। পশ্চিম রাঢ়ের বনাঞ্চলের আদিবাসী মানুষেরা আজও সাপ, বাঘ, হুড়োল প্রভৃতি জীবজন্তুর সঙ্গে লড়াই করে বেঁচে থাকে। গুজরাট নগর পত্তনকালে কবি কলিঙ্গ রাজের সঙ্গে যুদ্ধের কথা বলেছেন। আমাদের মনে রাখতে হবে মেদিনীপুর জেলার সীমান্তে কলিঙ্গ রাজ্য অবস্থিত। সুতরাং বোঝা যায় কালকেতুর বন কেটে গুজরাট নগর নির্মাণের মধ্য দিয়ে মেদিনীপুর ও উড়িষ্যার সীমান্তবর্তী যে বিস্তীর্ণ জঙ্গলমহল কবি মুকুন্দ হয়তো এখানে সেই অঞ্চলের কথাই বলতে চেয়েছেন। কবি মুকুন্দ নিজে মেদিনীপুর অঞ্চলের আড়রা গ্রামে বাস করেছেন ফলে মেদিনীপুর সংলগ্ন শালবনী, গড়বেতার তৎসংলগ্ন বনাঞ্চল পরিবেশ কবির মানস

স্মৃতিপটে ধরা আছে। তাই পরবর্তী ক্ষেত্রে কালকেতুর মধ্য দিয়ে গুজরাট নগর প্রতিষ্ঠার কথা বলা হলেও আসলে তা মেদিনীপুর সংলগ্ন দক্ষিণ-পশ্চিম বনাঞ্চলকেই চিহ্নিত করে। গুজরাট কবির কল্পিত নগর। সম্ভবত কবির ভাবনায় ছিল সামন্ততান্ত্রিক সমাজে জমিদারের অত্যাচারের হাত থেকে মুক্তি পেতে বাংলার বাইরে কোনো একটি কল্পিত নগরের সন্ধান যা তৎকালীন বাংলার প্রজাদের দিতে পারে মানসিক শান্তি ও আশ্রয়। কালকেতুর মধ্য দিয়ে গুজরাট নগর পত্তন আসলে একজন নিম্নবর্গ শ্রেণিভুক্ত মানুষের সুখে থাকার কল্পনাকেই কবি লিপিবদ্ধ করেছেন কালকেতু আখ্যানের মধ্যে দিয়ে। নিম্নবর্গের মানুষের হাতে সু–শাসনের জন্য অর্থের সদ্ ব্যবহার করা হয়েছে। হয়তো কবি মুকুন্দের চেতনাতে আকবর প্রবর্তিত শাসন ব্যবস্থার ছবি সচেতন ভাবে সক্রিয় ছিল।

---

[i] রাঢ়ের গ্রামদেবতা-ড.মিহির চৌধুরী কামিল্যা ।

[ii] চন্ডীমঙ্গল, অন্তরায়িত ইতিহাস, ড.দ্বীপান্বিতা ঘোষ, বিশ্বনাথ রায় ও আশিষ দে সম্পাদিত, কবিকঙ্কন চন্ডী।

[iii] পশ্চিমবঙ্গ সংস্কৃতি ১ম খন্ড- বিনয় ঘোষ।

[iv] বাঙ্গালির ইতিহাস (আদি পর্ব) নীহার রঞ্জন রায়, পৃ-৭৫।

[v] বাঙ্গালার ইতিহাস (প্রথম পর্ব) সংগ্রহ ও সম্পাদনা কমল চৌধুরী, পৃ-৩৮৭।

[vi] বাঙ্গালার ইতিহাস (প্রথম পর্ব) সংগ্রহ ও সম্পাদনা কমল চৌধুরী, পৃ-৩৮৭।

[vii] মধ্যযুগের সাহিত্যে বাঙালী সমাজ ও সংসস্কৃতি, প্রণব কুমার সিংহ- পৃ-৩৫।

গ্রন্থপঞ্জি

১) অতুল সুর, ‘বাঙলা ও বাঙালির বিবর্তন’, সাহিত্যলোক, চতুর্থ সংস্করণ, দ্বিতীয় মুদ্রণ, এপ্রিল ২০১২, কলকাতা।

২) নীতিশ সেনগুপ্ত, ‘বঙ্গভূমি ও বাঙালির ইতিহাস’; দে’জ পাবলিশিং, মার্চ ২০০৮, কলকাতা।

৩) নীহার রঞ্জন রায়, ‘বাঙ্গালীর ইতিহাস’ (আদি পর্ব), দে’জ পাবলিশিং, সপ্তম সংস্করণ, ফাল্গুন ১৪১৬, কলকাতা।

৪) বিনয় ঘোষ, ‘পশ্চিমবঙ্গের সংস্কৃতি’ (১ম খন্ড), প্রকাশ ভবন, দ্বিতীয় সংস্করণ, সপ্তম মুদ্রণ, মার্চ ২০১০, কলকাতা।

৫) বিনয় ঘোষ, ‘পশ্চিমবঙ্গের সংস্কৃতি’ (২য় খন্ড), প্রকাশ ভবন, চতুর্থ মুদ্রণ, মার্চ ২০০৮, কলকাতা।

৬) মমতা বৈষ্ণব, ‘রাঢ় বাঙ্গালার ইতিহাস ও মধ্যযুগের বাংলা সাহিত্য’, বাংলা বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়, ডিসেম্বর ১৯৯৬, বর্ধমান।

৭) যজ্ঞেশ্বর চৌধুরী, ‘রাঢ়ের সাংস্কৃতিক ইতিহাস’, নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ, ডিসেম্বর ২০০৮, নবদ্বীপ।

৮) রুমা বন্দ্যোপাধ্যায়, ‘মঙ্গলকাব্যে নিম্নবর্গের অবস্থান’, বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০০৯, কলকাতা।

৯) সনৎ কুমার নস্কর (সম্পাঃ), ‘কবিকঙ্কন চন্ডী’, রত্নাবলী, তৃতীয় সংস্করন, ডিসেম্বর ২০০৫, কলকাতা।

১০) সুকুমার সেন (সম্পাঃ), ‘কবিকঙ্কন কবি মুকুন্দ বিরচিত চন্ডীমঙ্গল’, সাহিত্য অকাদেমি, পঞ্চম মুদ্রণ, ২০০৭, কলকাতা।

১১) আশুতোষ ভট্টাচার্য, ‘বাংলা মঙ্গল কাব্যের ইতিহাস’, এ মুখার্জী অ্যান্ড কোং প্রাইভেট লিমিটেড, সপ্তম সংস্করণ, দ্বিতীয় মুদ্রণ, ডিসেম্বর ১৯৮৯, কলকাতা।

আন্তর্বিদ্যা

www.debracollege.ac.in

Doi: https://doi.org/10.5281/zenodo.15812657

পশ্চিম মেদিনীপুরের কুর্মি সম্প্রদায়ের লুপ্তপ্রায় করম পরব ও জাওআ গীত

সুদীপ্তা মাহাত, SACT, বাংলা বিভাগ, ডেবরা থানা শহীদ ক্ষুদিরাম স্মৃতি মহাবিদ্যালয়;

গবেষক, বাংলা বিভাগ, রাজা নরেন্দ্র লাল খান মহিলা মহাবিদ্যালয়

Submitted on: 24.04.2024

Accepted on 20.03.2025

সংক্ষিপ্তসার- *মানব সভ্যতার ধারায় সংস্কৃতি ক্রম-পরিবর্তনশীল। এই পরিবর্তন সমগ্র বিশ্বব্যাপী। প্রাচীনকাল থেকে বাণিজ্যিক সূত্রে একটি ভূখণ্ডের মানুষ অপর একটি ভূখণ্ডের সংস্কৃতির সংস্পর্শে এসেছে। সাংস্কৃতিক আদান-প্রদান ঘটেছে ও ঘটে চলেছে। সাংস্কৃতিক আগ্রাসনের সূত্রপাতও বলা চলে। যার ফলে, কোন একটি রাষ্ট্রের ক্ষুদ্র ক্ষুদ্র জনগোষ্ঠীগুলির ভাষা ও সংস্কৃতির সংকট তৈরি হয়। বিশ্বায়ন, উন্নত প্রযুক্তি– এই সংকটকে আরও তীব্রতর করেছে। সংস্কৃতি বেঁচে থাকে একটি জাতিগোষ্ঠীর জীবনচর্চা ও মানসচর্চায়। একটি জাতি বা গোষ্ঠীর লুপ্তির সাথে সাথে তার ভাষা ও সংস্কৃতিও অবলুপ্ত হয়। পৃথিবীর প্রায় হাজার হাজার জাতির ভাষা ও সংস্কৃতি লুপ্ত হয়ে গেছে। এরকমই একটি লুপ্তপ্রায় সংস্কৃতি কুড়মি সম্প্রদায়ের করম পরব ও জাওআ গীত। মানভূম অঞ্চল সংলগ্ন কুড়মি সম্প্রদায়ের মধ্যে এই পরব ও গীতের প্রচলন থাকলেও পশ্চিম মেদিনীপুরের পশ্চিমাঞ্চলের একটি বৃহৎ অংশ জুড়ে থাকা কুড়মি সম্প্রদায়ের করম পরব ও জাওআ গীতের প্রচলন প্রায় অবলুপ্তির পথে। গোয়ালতোড় থানার পাটাশোল, হাতিয়া, দলদলি, কাদাশোল, দিনারামডি প্রভৃতি গ্রামগুলিতে করম পরব, জাওআ গীতের প্রচলন নেই বললেই চলে। পশ্চিম মেদিনীপুরের পশ্চিম প্রান্তের কুড়মি জনগোষ্ঠীতে দু- তিন দশক পূর্বেও সাড়ম্বরে প্রচলিত ছিল। বর্তমানেও কোথাও কোথাও প্রচলিত রয়েছে, কিন্তু পূর্বের সেই প্রাণের সুর, আত্মিকতা হারিয়ে যেতে বসেছে। বর্তমানে পশ্চিম মেদিনীপুরের লুপ্তপ্রায় করম পরবের নানান আচার-অনুষ্ঠান ও লুপ্তপ্রায় জাওআ গীত এই নিবন্ধে তুলে ধরেছি।*

সূচক শব্দ- *কুড়মি, পশ্চিম মেদিনীপুর, বিশ্বায়ন, সংস্কৃতি, দ্রাবিড়, করম, জাওআ, গীত*

Doi: https://doi.org/10.5281/zenodo.15812657

কুড়মি জাতির উৎপত্তি ও বিবর্তনের ইতিহাস সম্পর্কে পন্ডিতগণ ভিন্ন ভিন্ন মত প্রদান করেছেন। নৃতাত্ত্বিক ও সাংস্কৃতিক উপাদানগুলির বিশ্লেষণে একথা স্পষ্ট যে, কুড়মি জাতি প্রাক-আর্য ভারতীয় জনগোষ্ঠী। প্রাক-আর্য ভারত ভূখণ্ডে সম্ভবত তিনটি অনার্য জাতি বসবাস করত।[১]

১. নেগ্রিটো বা নিগ্রোবটু (Negrito)– বেঁটে খাটো, চেহারা ঘন কালো রং, নাক চ্যাপ্টা, ঠোঁট পুরুষ্ঠু, মাথার চুল কোঁকড়ানো।[২] এরা সাধারণত সমুদ্র তীরবর্তী অঞ্চলে বসবাস করত। মৎস্য শিকার করে খেত। ভারতে এসেছিল আনুমানিক প্রাক ঐতিহাসিক প্রস্তর যুগে। আফ্রিকা মহাদেশ থেকে আরব হয়ে এদেশে আসে।[৩] বর্তমানে ভারতবর্ষে এই জাতির মানবগোষ্ঠী লুপ্ত।

২. অস্ট্রিক (Austric)– খর্বাকৃতি, চ্যাপ্টা নাক, কোঁকড়ানো চুল। মনে করা হয় এশিয়া মাইনর বা পশ্চিম এশিয়া থেকে এই অস্ট্রিক জাতিগোষ্ঠী ভারতবর্ষে এসেছিল এবং ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে বসতি স্থাপন করেছিল[৪]। এরা মূলত 'কোল' জাতির মানবগোষ্ঠী।[৫] পরবর্তীকালে এই কোলজাতির মানব গোষ্ঠী বিভিন্ন শাখায় বিভক্ত হয়ে যায়। সাঁওতাল, মুণ্ডা, বীরহড়, খেড়োয়াল, শবর প্রভৃতি জাতিগুলি 'কোল' জাতি গোষ্ঠীর শ্রেণীভুক্ত।

৩. দ্রাবিড় (Dravid)- দীর্ঘকায়, সরল নাসিকা ও দীর্ঘ করোটি ছিল বলে জানা যায়। অনুমান করা হয় ভারতবর্ষের পশ্চিম দিক থেকে অর্থাৎ গ্রীস, মিশর, প্যালেস্তাইন, সিরিয়া, এশিয়া মাইনর, ইজিয়ান দ্বীপ থেকে ভারতবর্ষে প্রবেশ করে। ভারতবর্ষের পশ্চিমে ও দক্ষিনাংশে বসতি স্থাপন করে। অস্ট্রিক জাতির সঙ্গে দ্রাবিড় জাতির ভাষা ও সংস্কৃতিগত মিলন ও মিশ্রণ ঘটেছিল। পরবর্তীকালে ভোট-চীনীয়, নর্ডিক, আর্য প্রভৃতি জাতির মানুষ দলে দলে ভারত উপমহাদেশে বসতি স্থাপন করেছে। এই তিন আদি ভারতবাসীদের মধ্যে বর্তমান রয়েছে অস্ট্রিক ও দ্রাবিড় ভাষার জনমানুষ। নেগ্রিটো বা নিগ্রোবটুদের নিদর্শন এখন লুপ্ত।

কুড়মি সম্প্রদায়ের উৎপত্তি সম্পর্কে E. T. Dalton বলেছেন, আর্য বংশোদ্ভূত।[৬] আব্রাহাম জর্জ গ্রীয়ার্সন বলেছেন, 'Aboriginal Inhabitants'[৭] অর্থাৎ আদিম অধিবাসী এবং দ্রাবিড় গোষ্ঠী থেকে সৃষ্ট। H. H. Risely নৃতাত্ত্বিক গবেষণার মধ্য দিয়ে যে সিদ্ধান্তে উপনীত হন তা- কুড়মি জাতি সাঁওতাল জাতির একটি হিন্দুধর্মী শাখা, এবং দ্রাবিড় বংশোদ্ভূত।[৮] শান্তি সিংহ শারদীয়া উদ্বোধন- ১৪১২ রামকৃষ্ণ মঠ ও মিশনের বাংলা মাসিক পত্রিকায় ৫২৫ পৃষ্ঠায় উল্লেখ করেছেন– 'শাল, পলাশ, মহুয়া, অর্জুন, তাল, খেজুর প্রভৃতি অরণ্য শোভিত এই প্রান্তিক বাংলায়(পুরুলিয়া) কোল, হো, মাহালি, সাঁওতাল, কোড়া প্রভৃতি আদি অস্ট্রাল(Proto-Australoid) এবং ওঁরাও, বীরহড়, ভূমিজ, কুর্মি, প্রমুখ দ্রাবিড় ভাষাগোষ্ঠীর মানুষের বাস।'[৯]

প্রাচীনে বিভিন্ন দেশ বা ভূখণ্ডের নাম অনুসারে জাতি গোষ্ঠীগুলির নাম হত। বিশেষত, নিকটবর্তী পাহাড়, পর্বত, নদী, সমুদ্র প্রভৃতির নাম অনুসারে জাতিগুলি নামাঙ্কিত হতো। যেমন- হিমাচল প্রদেশ, সিন্ধু প্রদেশ, আরব দেশ, হুগলি জেলা প্রভৃতি। তেমনিই কুড়মি সম্প্রদায়ের প্রাচীন বসতি ছিল বর্তমান পাকিস্তানের কুররাম নদীর তীরে। কুররাম নদীর নাম অনুসারেই 'কুর্মি' বা 'কুড়মি' জাতির নামকরণ হয়েছে বলে অনুমান করা হয়। সিন্ধু নদীর পশ্চিম সীমান্তে এই কুররম নদী অবস্থিত। নদী তীরবর্তী কুররাম অঞ্চলেরও সন্ধান পাওয়া গেছে। কুড়মি সম্প্রদায়ের করম গীতে এই নদীর নামোল্লেখ রয়েছে –

"কনে রে করম গুঁসাঞ আনলঅ নেউতি।
কনে রে কুরুম নদিক ধাঁরে করলঅ খেতি।।"[১০]

কুররম্ অঞ্চলে বসবাসকারী কুড়মিদের চাষবাসই প্রধান পেশা ছিল। আর্য জাতির অত্যাচারে এবং অনান্য বহিরাগত শত্রুর আক্রমণে তারা সেই অঞ্চল ছেড়ে চলে আসতে বাধ্য হয়। সেই সঙ্গে দীর্ঘ সময় ধরে একই জমিতে কৃষিকর্ম করার কারণে জমির উর্বরতা নষ্ট হয়ে গিয়েছিল। স্বাভাবিকভাবেই, নতুন চাষযোগ্য জমির সন্ধানে পুরনো বাসস্থান ছেড়ে পূর্ব ও দক্ষিণ পূর্ব হয়ে বর্তমান মধ্যপ্রদেশের নাগপুর হয়ে জঙ্গলাকীর্ণ পশ্চিমবঙ্গের রাঢ়

অঞ্চলে (মানভূম) বসতি স্থাপন করে। পরবর্তীকালে মেদিনীপুরের পশ্চিমাংশে, বাঁকুড়া জেলায়, বর্তমান ঝাড়গ্রাম জেলায় বসতি স্থাপন করে।

কুড়মিরা ভারতের সংখ্যা গরিষ্ঠ চাষী জাতি বলে মনে করা হয়। Cultivation বা চাষবাসই তাদের প্রধান পেশা। সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে (বিহার, ঝাড়খন্ড, ওড়িশা, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ প্রভৃতি জায়গায়) ছড়িয়ে ছিটিয়ে রয়েছে কুড়মিরা। শুধুমাত্র ভারতবর্ষে নয় প্রতিবেশী দেশ নেপাল ও বাংলাদেশেও কুড়মি সম্প্রদায়ের জনগোষ্ঠীর বসবাস রয়েছে। উমরাও, চন্দ্রকর, গাঙ্গোয়ার, কাটিয়ার, কানবি, প্যাটেল, মাহাতো, দেব সিংহ, সিংহ দেব, কুটুম্বি, কুলম্বি, কুলওয়াড়ি সকলেই কুড়মি জাতির অন্তর্ভুক্ত। 'কুর্মি' বা 'কুড়মি' শব্দের বুৎপত্তিগত অর্থ করতে গিয়ে পণ্ডিত ব্যক্তিগণ বলেছেন 'কূর্ম' শব্দ থেকে আগত, যার অর্থ 'কচ্ছপ' বা 'কাছিম'। 'কুড়ুম' শব্দ থেকেও এই 'কুর্মি' বা 'কুড়মি' শব্দের উৎপত্তি বলে মনে করা হয়। আবার, একদল পন্ডিতের মতে, 'কুর্মি' শব্দের উৎপত্তি 'কর্মী' থেকে। কুর্মি জাতি প্রাচীনকাল থেকে সাধারণত কৃষিকর্ম করে এসেছে। স্বাভাবিকভাবেই, 'কৃষিকর্মী' শব্দ থেকেও 'কুর্মি' শব্দের উৎপত্তি হয়ে থাকতে পারে। সিন্ধু নদীর পশ্চিমাংশে কুররম নদীর অবস্থান। এই নদীর নামানুসারেও 'কুড়মি' জাতির নামকরণ হয়ে থাকতে পারে। কুড়মি সম্প্রদায়ের ভাষা কুড়মালি। এই কুড়মালি ভাষার দুটি রূপ রয়েছে, একটি সাহিত্যিক রূপ অপরটি কথ্য রূপ। পশ্চিম মেদিনীপুরের কুড়মি সম্প্রদায়ের মধ্যে এই কথ্যরূপটি প্রচলিত রয়েছে।

জাতিতে হিন্দু এই কুড়মি সম্প্রদায়ের কথা এডওয়ার্ড টুইট ডালটনের 'Descriptive Ethnology of Bengal' (১৮৭২) গ্রন্থে উল্লেখিত হয়েছে। গ্রন্থটি কলিকাতা থেকে প্রকাশিত। ডালটন এই গ্রন্থে ভারতবর্ষের নানান উপজাতি সম্পর্কে আলোচনা করতে গিয়ে কুড়মি জাতির প্রসঙ্গ এনেছেন। তিনি বলেছেন-

> "It is probably that in the kurmis we have the descendants of some of the earliest of the **Aryan Colonists of Bengal**. Tradition, at all events; assigns to them a very ancient place in the country, and many antiquities, now concealed in dense jungle or rising as monuments of the civilization of bygone days amidst the huts of half savage races now occupying the sites, are described to them and attest the advance they had made in civilization at a very early period."[১১]
>
> অর্থাৎ, সম্ভবত কুড়মিদের মধ্যে প্রাচীনতম আর্য উপনিবেশবাদীদের বংশধর রয়েছে। তাদের ঐতিহ্য, পুরাকীর্তি ও অন্যান্য অনুষ্ঠান লক্ষ্য করে এটা বোঝা যায় যে, কুড়মিরা এদেশের অতি প্রাচীন ঐতিহ্য বহন করে চলেছে। এখনও ঘন জঙ্গলে বা জঙ্গল সংলগ্ন অঞ্চলে মাটির কুঁড়েঘরগুলি প্রাচীন সভ্যতার চিহ্ন বহন করে। বর্তমানে কুড়মি জাতি তুলনামূলকভাবে সভ্যতর হয়ে উঠেছে।

Mr. Campbell তাঁর 'The Ethonology of India' গ্রন্থে Koonbees বা Koormees দের উল্লেখ করেছেন –

> "The name is variously written, Koormee or Coormee, Kunbi, Kunbee or Koonbee, and there is no doubt that the terms are synonymous. In Hindusthan the Koormees do not go much beyond their own agricultural calling, but they are not absolutely unknown

Doi: https://doi.org/10.5281/zenodo.15812657

> as sepoys and they have occasionally, though rarely, risen to higher posts, especially one somewhat notorious family in oude. Infact, in the Gangetic Valley the Koormees, though much appreciated as cultivators, are somewhat looked down upon by the higher castes as mere humble tillers of the soil."[১২]
>
> অর্থাৎ, কুড়মি শব্দটি বিভিন্নভাবে লেখা হয়। কুর্মী, কুর্মি, কুনবী, কুনবি প্রভৃতি লেখা হলেও শব্দটির অর্থ একই। হিন্দুস্থানে কুড়মিরা মূলত কৃষি সম্প্রদায় হিসেবে পরিচিত হলেও সিপাহী হিসেবেও এই সম্প্রদায়ের উল্লেখ রয়েছে। কখনো কখনো বা এই সম্প্রদায়ের মানুষরা উচ্চপদে অধিষ্ঠিত ছিলেন। গঙ্গার উপত্যকায় বসবাসকারী সরল-সাধাসিধে কৃষক; এই কুর্মি সম্প্রদায়ের সঙ্গে উচ্চবর্ণের মানুষের বৈষম্য ছিল।

H. H. Rishley তাঁর 'Tribes and Castes of Bengal' গ্রন্থে কুড়মি সম্প্রদায়ের টোটেম সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেছেন –

> "The Kurmi may perhaps be a **Hinduised branch of the Santals**. The letter, who are more particular about food, or rather about whom they eat with the Kurmis, and according to one tradition regard them as elder brothers of their own. However this may be, the totemism of the Kurmis of Western Bengal stamps them as of **Dravidian descent**, and clearly distinguishes them from the Kurmis of Behar and the North-West provinces. They show signs of a learning toward Orthodox Hinduism, and employ Brahmans for the Orthodox Hinduism, and employ Brahmans for the Orthodox of Hindu gods, but not in the propitiation of their family and rural deities, or in their marriage ceremonies."[১৩]
>
> অর্থাৎ, কুড়মি জাতি গোষ্ঠী সম্ভবত সাঁওতাল জাতিরই একটি হিন্দুধর্মী শাখা। উভয় জাতি গোষ্ঠীর খাদ্যাভাস্যের বিশেষ মিল রয়েছে। প্রাচীন ঐতিহ্য অনুসারে কুড়মি সম্প্রদায় সাঁওতাল সম্প্রদায়কে অনুসরণ করে এসেছে। যাইহোক, পশ্চিমবঙ্গের কুড়মি সম্প্রদায়ের টোটেম অনুসারে দ্রাবিড় বংশোদ্ভূত বলে মনে হতে পারে। বিহার ও উত্তর-পশ্চিম অংশের কুড়মিদের স্পষ্ট পার্থক্য রয়েছে। তাদের সংস্কৃতির মধ্যে গোঁড়া হিন্দুধর্মের লক্ষণ প্রকাশিত। হিন্দু দেব-দেবীর পূজার জন্য ব্রাহ্মণ রূপেও নিয়োজিত ছিল কুড়মি কিন্তু ব্রাহ্মণদের বিবাহ অনুষ্ঠান, প্রাচীন দেবতার পুরোহিত ও প্রায়শ্চিত্তে অংশ গ্রহণ করতে পারে না।

Name of Section (গোত্র)	**Totem (প্রতীক)**
Kesria (কেশরিয়া)	Kesar grass (কেশর ঘাস)
Karar (কাড়ার)	Buffalo (কাড়া বা মহিষ)
Dumuria (ডুমুরিয়া)	Dumur or fig (ডুমুর)
Chonchmutruar (ছঁচমুত্রোয়ার)	Spider (মাকড়সা)

Hastowar (হাস্তোয়ার)	Tortoise (কচ্ছপ)
Jalbanuar (জালবানুয়ার)	Net (জাল)
Sankhowar (শাঁখোয়ার)	Shell ornaments (শঙ্খের গহনা)
Baghbanuar (বাঘবানুয়ার)	Tiger (বাঘ)
Katiar (কাটিয়ার)	Silk Cloth (সিল্কের পোশাক)
Bansriar (বঁশরিয়ার)	Bamboo (বাঁশ)[১৪]

পেশায় কৃষক কুড়মি সম্প্রদায়ের মানুষদের উচ্চতা স্বাভাবিক। গায়ের রং হলদে বাদামী, দেহ সৌষ্ঠব। পশ্চিমবঙ্গের মানভূম জেলার কুড়মি সম্প্রদায় ক্ষত্রিয় বর্ণের আবার, বিহারে শুদ্র বর্ণের। স্থান বিশেষে বর্ণভেদ রয়েছে।

২

করম পরব:

ভারতবর্ষের আদিম গোষ্ঠীগুলির মধ্যে উৎসব ও অনুষ্ঠানের প্রচলন সেই প্রাচীনকাল থেকে। অবসর যাপনের বিনোদন স্বরূপ নানান উৎসব, অনুষ্ঠান এই জনগোষ্ঠীগুলির মধ্যে প্রচলিত রয়েছে। কখনও বা ধর্মীয় উদ্দেশ্যেও পালিত হয়ে থাকে। এ রকমই একটি পরব বা অনুষ্ঠান হল পশ্চিম মেদিনীপুরের কুড়মি সম্প্রদায়ের করম পরব। কুড়মি সম্প্রদায় ছাড়াও ভূমিজরাও এই পরব উদযাপন করে থাকে। পশ্চিম মেদিনীপুর ছাড়াও পার্শ্ববর্তী জেলা ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়াতেও এই উৎসবের প্রচলন রয়েছে।

প্রতিবছর ভাদ্র মাসের শুক্ল পক্ষের একাদশী তিথিতে করম পূজা করা হয়। আদিম জনগোষ্ঠী বা সম্প্রদায়গুলির প্রতিটি পরব বা পূজার সঙ্গে যুক্ত রয়েছে বিশেষ কিছু রীতি-নীতি। এক্ষেত্রে অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' গ্রন্থের লৌকিক ব্রতের অন্তর্গত কুমারী ব্রতের প্রসঙ্গ উল্লেখ করা যেতে পারে। এই করম পূজায় অংশগ্রহণ করে কুমারী মেয়েরা। নির্দিষ্ট বয়স সীমার পর এই পূজায় অংশগ্রহণ করতে পারেনা মেয়েরা। শুধুমাত্র কুমারী মেয়েদের মধ্যেই এই লৌকিক পূজা সীমাবদ্ধ নেই, অল্পবয়সী কিশোররাও এতে অংশগ্রহণ করে।

করম পূজাকে কেন্দ্র করে নৃত্য-গীতময় যে 'পর্ব' তৈরি হয় তাকে 'পরব' বলে অভিহিত করা হয়ে থাকে। এক্ষেত্রে বাংলা ব্যকরণের নিয়ম অনুযায়ী মধ্যস্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি হয়েছে। করম পূজা মূলত শস্যদেবীর পূজা। একপ্রকার শস্য উৎসব। কুড়মি সম্প্রদায়ের লোকসমাজে এই উৎসব অতি প্রাচীন। নানান শস্য বীজের সমাহারে তৈরি করা হয় 'জাওআ ডালি'। এই পূজার অন্যতম প্রধান সামগ্রী। এর প্রস্তুতি শুরু হয়ে যায় ভাদ্র মাসের শুক্লপক্ষের একাদশী তিথির পাঁচ থেকে সাত দিন পূর্ব হতে। ছোট্ট ডালিতে বালি, মাটি সহযোগে নানান শস্যবীজ (যেমন- ধান, মুগ, কুথি, জনার, সরিষা ইত্যাদি) চারা দেওয়া হয়। নিয়মিত হলুদ জল দেওয়া হতে থাকে। কিছুদিন পর সেই শস্যবীজ অঙ্কুরিত হয়ে ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। ভাদ্রমাসের শুক্লপক্ষের একাদশী তিথিতে সন্ধ্যেবেলা জাওআর ডালি নিয়ে ব্রতীগণ গ্রামের লায়ার বাড়িতে উপস্থিত হয়। উঠোনে দুটি করম ডাল পুঁতে তার চারপাশে বৃত্তাকারে ব্রতীরা বসে। পূজা শেষে ব্রত কথা শোনা হয়। লায়া ধর্মু ও কর্মু এই দুই ভাইয়ের কাহিনী শোনান। কর্মুর বিজয় ঘোষণা হয় সবশেষে। ধর্মের চেয়ে যে কর্ম বড় বা মহান তা প্রতিষ্ঠা করা হয়। কর্মের দ্বারায় ধর্মলাভ হয়, এই সহজ সত্যটুকু কুড়মি সম্প্রদায়ের করম পূজার ব্রতকথার মধ্য দিয়ে উপস্থাপন করা হয়।

করম পূজার সঙ্গে জাওআর সম্পর্ক অঙ্গাঙ্গীভাবে জড়িত। আর এই জাওআকে কেন্দ্র করে কুড়মি সম্প্রদায়ে নানান গীতের প্রচলন রয়েছে। প্রজন্ম পরম্পরায় স্মৃতি ও শ্রুতি বাহিত সেই গীতে প্রকাশিত হয়েছে এই সম্প্রদায়ের লোকজীবনের প্রতিচ্ছবি। করম পরবের রীতি-নীতি যেমন এই গানে প্রকাশিত হয়েছে তেমনি ব্যক্তিগত জীবনের সুখ-দুঃখ, আনন্দ-বেদনার বাণীবদ্ধ রূপও প্রতিবিম্বিত হয়েছে।

Doi: https://doi.org/10.5281/zenodo.15812657

৩

পশ্চিম মেদিনীপুরের লুপ্তপ্রায় জাওআ গীত:

করম পূজায় 'নারী'দের অধিকার না থাকলেও; করম একাদশীতে নৃত্য-গীতে অংশগ্রহণে তাদের কোন বাধা থাকে না। সারাদিন ব্যাপী নৃত্য-গীতের আসরে নারী-পুরুষ নির্বিশেষে সবাই অংশগ্রহণ করে থাকে। কুড়মি সমাজের দৈনন্দিন জীবনচিত্র প্রকাশিত হয়েছে এই গানে -

"ঝিঙ্গা পড়া বাসী ভাত
গাই বাগালের তরে গো,
আনবি বাগাল মনে করে
লাল শালুকের ফুল গো।
শালুকের ফুলে বাবা
বাবুর বাঁধ গাবাব গো,
টগর ফুলে কইরব ভজ গান।"

প্রিয় বিচ্ছেদের বেদনাও প্রকাশিত হয়েছে জাওআ গীতের মধ্য দিয়ে –

"আকালে পুষিলাম পায়রা
দুধু ভাতু দিঁয়ে গো।
সময়ে পালালি পায়রা
আমায় ফাঁকি দিঁয়ে গো।
চল পায়রা চল পায়রা
কতই না ধুর যাবি গো,
বাঁকুড়া শহরে লাগ লিব।
বাঁকুড়া শহরে পায়রা কি কি হাট বসে গো?
বসে ত ঝুড়ি ঝুমকা কদমের কলি গো।"

জাওআ ডালিকে মাঝখানে রেখে বৃত্তাকারে ব্রতীদের নৃত্য-গীত –

"আম পাতা চিরি চিরি নৌকা বানাবো গো
সেই নৌকায় সওয়ারি সাজাব।
সওয়ারি সাজাঞে ভাই কবে আইনতে যাবি রে
মা'য় মরিল ছয় মাস।"

পরিজন বা কুটুম্ব প্রীতিও গীতের মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে –

"আঁখ বাড়ীর ধারে ধারে
কার কুটুম যাই গো,
আমি বলি আমার ভাই আইনতে আসিছে।
আইস্য ভাই বইস্য খাইট্যে
হাঁস মঁরাব গো
হাঁস মাঁসের ভাত খাওয়াবো গো।"

জাওআ দেওয়া বা শস্য অঙ্কুরোদগমকে কেন্দ্র করে কুড়মি সম্প্রদায়ের প্রচলিত গান –

"তরা জে গো জাওআ দিলি

হলুদ কুথা পালি গো
দোকানিকে নাম দিব হলুদ ব্যাপারী গো
দোকানিকে নাম দিব হলুদ ব্যাপারী।"

এছাড়াও,

"ঝিঙ্গা ফুল ফুটে বাবা
ফুটে লদবদ গো...."

জাওআ গীতে পশ্চিম মেদিনীপুরের পশ্চিমাংশের কুড়মি সম্প্রদায়ের নারীদের মাথার চুল বাঁধার বর্ণনা ফুটে উঠেছে। একইসঙ্গে শ্বশুর, ভাসুর প্রমুখ শ্বশুরবাড়ি সম্পর্কিত গুরুজনদের প্রতি শ্রদ্ধাবশত মাথায় ঘোমটা দেওয়ার প্রথা অতি প্রাচীন। জাওআ গীতের মধ্য দিয়ে সেই নিয়মের বেড়া ভেঙে দেওয়ার ইচ্ছেও প্রকাশিত হয়েছে –

"মাথাটি বাঁধ্যেছি ট্যারা,
তা-ই নিয়েছি ফুলের ঘেরা।
মাথা বাঁধায় ষোলশ ঘুঙ্গুর গো,
মাথা বাঁধায় না মানে ভাসুর।"

প্রাকৃতিক চিত্রও ফুটে উঠেছে –

"আম গাছে ঝিরি ঝিরি
বকুল গাছের আড়ে গো,
আমি বলি ঝুনপুকি জ্বলে গো
আমি বলি ঝুনপুকি জ্বলে।"

কুড়মি সম্প্রদায়ের সুন্দরী নববধূর দুর্ভাগ্যের চিত্রও বর্ণিত হয়েছে –

"বেগুন বাড়ির ভেলি বাবা
বেগুন বাড়ির ভেলি গো।
বড় দাদায় বউ আন্যেছে
যেমন সোনা গড়ি গো।
দুধের করব্অ হেলান ফেলান
দইয়ের করবঅ নালা গো।
কোন নালাতে ভাঁসেঞ গেল
অভাগিনীর বালা গো।"

করম ঠাকুরকে উদ্দেশ্য করে কিছু গীত প্রচলিত রয়েছে-

১। "আইজ রে করম ঠাকুর ঘরে দুয়ারে,
কাইল রে করম ঠাকুর শাঁখ নদীর পারে।"

২। "যাছে যাছে করম ঠাকুর যাছে গো ছাড়্যেঁ,
ঝিঙ্গা পড়া বাসী ভাত যাছে লো খাঞেঁ।"

৩। "তুঁই ত রে করম রাজা যাবি হাসেঞ হাসেঞ।
মুই ত রে করম রাজা যাব কাঁদ্যে কাঁদ্যে।"

Doi: https://doi.org/10.5281/zenodo.15812657

৪

কোন দেশ বা ভূখণ্ডের প্রাচীন ইতিহাস সম্পর্কে জানতে সাহায্য করে সেখানে বসবাসকারী মানবগোষ্ঠীর নানান নিদর্শন। রাখালদাস বন্দ্যোপাধ্যায় আবিষ্কৃত সিন্ধু সভ্যতা অখণ্ড ভারতবর্ষের একটি সভ্যতার অজ্ঞাত ইতিহাসকে আমাদের জানতে সাহায্য করেছে। একটি নদীকে কেন্দ্র করে বসতি স্থাপন করেছিল হাজার হাজার মানুষ। নদী তীরবর্তী উর্বর পলিমাটি কৃষিকর্মে সহায়ক হয়েছিল। গড়ে উঠেছিল সমৃদ্ধ গৃহ, স্নানাগার, শস্য মজুত রাখার ঘর ইত্যাদি। আর এই মানবগোষ্ঠীগুলির প্রাণের সম্পদ বা রসদ হল সংস্কৃতি। কোন একটি জনগোষ্ঠীর উপরিসৌধ হল সভ্যতা এবং অন্তরসৌধ হল সংস্কৃতি। একটি নদীকে যদি সভ্যতা ধরা হয়, তবে তার আন্তর প্রবাহ হল সংস্কৃতি।[১৫] জনগোষ্ঠীর অবলুপ্তির সঙ্গে সঙ্গে তার সংস্কৃতিরও অবলুপ্তি ঘটে। Material বা বস্তুকেন্দ্রিক সংস্কৃতির নিদর্শন পাওয়া গেলেও মৌখিক সংস্কৃতি বা Oral Creation গুলো হারিয়ে যায়। সংস্কৃতির অবলুপ্তির কারণগুলি নিম্নরূপ হতে পারে-

১. জনগোষ্ঠীর লুপ্তি

২ ভিন্ন জনগোষ্ঠীর মিশ্রণ

৩ সাংস্কৃতিক আগ্রাসন

পশ্চিম মেদিনীপুরের দক্ষিণ অংশে বসবাসকারী জনগোষ্ঠীর মধ্যে একটি বৃহৎ সংখ্যক জনগোষ্ঠী কুড়মি সম্প্রদায়ভুক্ত। এই অঞ্চলের আদি বাসিন্দাও বলা চলে। সহজ-সরল-অনাড়ম্বর জীবনযাত্রায় প্রকৃতির ওপর নির্ভরশীল মানুষগুলির প্রাচীন ঐতিহ্য ও সংস্কৃতির একটি অন্যতম মৌখিক সংস্কৃতি (Oral Creation) হল জাওআ গীত। রাঢ় অঞ্চলের পুরুলিয়া জেলার কুড়মি সম্প্রদায়ের মধ্যে জাওআ গীতের প্রচলন থাকলেও পশ্চিম মেদিনীপুরের পশ্চিমাংশে বসবাসকারী কুড়মি সম্প্রদায়ের মধ্যে করম পরব ও জাওআ গীতের প্রচলন প্রায় লুপ্ত। সংস্কৃতির কাঠামোয় কুঠারাঘাত নেমে এসেছে। সভ্যতার ক্রমবিবর্তনের ধারায় বিবর্তিত সংস্কৃতির সঙ্গে পাল্লা দিতে গিয়ে কুড়মি সম্প্রদায় তার প্রাচীন সংস্কার ও ঐতিহ্য হারাতে বসেছে। বিশ্বায়নের ঢেউ শুধুমাত্র নগর জীবনেই সীমাবদ্ধ থাকেনি তা লোকজীবনকেও প্রভাবিত করেছে।

ক্রমবিবর্ধিত দ্রব্যমূল্যের কারণে নাগরিক জনজীবন বিপর্যস্ত। লোকজীবনেও প্রাণ ওষ্ঠাগত হওয়ার উপক্রম। অতিরিক্ত আয় করতে অতিরিক্ত শ্রম ব্যয় করতে হয়। অবসর যাপনের জন্য বরাদ্দ সময়টুকুতে পড়েছে ভাটা। পশ্চিম মেদিনীপুরের কুড়মি সম্প্রদায়ের সংস্কৃতিতেও ভাটা পড়েছে। কৃষিকাজই জীবন ধারণের প্রধান অবলম্বন। কিন্তু বর্তমানে রাসায়নিক সার, কীটনাশকের মূল্য প্রবল হারে বৃদ্ধি পেয়েছে, যা কৃষকদের নাগালের বাইরে। এক ফসলী জমির শস্যে সংকুলান হয় না। এছাড়াও প্রতিবছর হাতির হানায় গড়ে অন্তত দশ শতাংশ ফসল নষ্ট হয়।

বিশ্বায়নের অভিঘাতে, যন্ত্রদানবের রমরমায় লোকজীবনের অবসর যাপনের বিনোদনমূলক ক্রীড়া, রীতি-নীতি, পুজো-পার্বণ, নৃত্য-গীত বহুলাংশে ম্রিয়মান হয়ে গেছে। কিশোর-কিশোরীরা অন্তর্জালে জড়িয়ে। ফলে প্রজন্ম পরম্পরায় লালিত পশ্চিম মেদিনীপুরের কুড়মি সম্প্রদায়ের পরব-তিহারের সেই প্রাচীন সুগন্ধ আজ আর নেই। অন্যতম পরব করম বা জাওআতে প্রচলিত গীত ও নৃত্য বর্তমানে প্রায় লুপ্ত।

কালের নিয়মে বিবর্তন অবশ্যম্ভাবী, সভ্যতার রথের চাকা ক্রমবিবর্তমান। তা রুদ্ধ করার ক্ষমতা সমাজ মানুষের কাছে নেই। তাই কালের নিয়মকে স্বীকৃতি দিয়ে সংস্কৃতির পরিবর্তন আমরা যেমন মেনে নিয়েছি, তেমনই লোকসংস্কৃতির পরিবর্তনকেও স্বীকার করে নিতে হবে। সেই সঙ্গে লুপ্তপ্রায় লোকসংস্কৃতির সংরক্ষণ ও চর্চাও আমাদের অবশ্য কর্তব্য।

সূত্রনির্দেশ:

১। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, *ভারত সংস্কৃতি*, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা, ১৪১৫, পৃ. ৯

২। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, *ভারত সংস্কৃতি*, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা, ১৪১৫, পৃ. ৯

৩। Mitra, Parimala Chandra, *Santali: the Base of world languages*, Firma KLM, Culcutta, 2011, Page 03.

৪। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, *ভারত সংস্কৃতি*, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা, ১৪১৫, পৃ. ১০

৫। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, *ভারত সংস্কৃতি*, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা, ১৪১৫, পৃ. ১৭

৬। Dalton, Tuite Edward, *Descriptive Ethnology of Bengal*, Asiatic Society of Bengal, Calcutta, 1872, page 317.

৭। Grierson, G.A., C.I.E., *Linguistic Servey of India, Vol.-V*, Motilal Baranasidas, Delhi, Rprint 1968, page. 69.

৮। Rishely, H. H, *Tribes and Castes of Bengal*, Vol. I., Gyan Publishing House, Delhi, Second Impression 2021, page 54.

৯। মাহাত, কিরীটি, মাহাত, বিশ্বনাথ(সম্পা.), *কুড়মালি ভাষা ও সংস্কৃতি*, মুলকি কুড়মালি ভাখি বাইসি, পৃ. ১২।

১০। মাহাত, কিরীটি, মাহাত, বিশ্বনাথ(সম্পা.), *কুড়মালি ভাষা ও সংস্কৃতি*, মুলকি কুড়মালি ভাখি বাইসি, পৃ. ১৪।

১১। Dalton, Tuite Edward, *Descriptive Ethnology of Bengal*, Asiatic Society of Bengal, Calcutta, 1872, page 317.

১২। Mr. Campbell, *The Ethnology of India*, Journal of The Asiatic Society, Asiatic Society of Bengal, Culcutta, 1866, page 93.

১৩। Rishely, H. H, *Tribes and Castes of Bengal*, Vol. I., Gyan Publishing House, Delhi, Second Impression 2021, page 54.

১৪। Rishely, H. H, *Tribes and Castes of Bengal*, Vol. I., Gyan Publishing House, Delhi, Second Impression 2021, page 53.

১৫। চক্রবর্তী, বরুণকুমার(সম্পা), *বঙ্গীয় লোকসংস্কৃতি* কোষ, দে বুক স্টোর, কলকাতা, ২০১৬, পৃ. ৫৭৯।

সহায়ক গ্রন্থপঞ্জি:

১। Vidyarthi, L. P., Rai Binoy Kumar, *The Tribal Cultural of India*, Concept Publishing, Delhi, Reprinted 1985.

২। *জেলা লোকসংস্কৃতি পরিচয় গ্রন্থ মেদিনীপুর*, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, ২০০২।

৩। ঘোষ, বিনয়, *পশ্চিমবঙ্গের সংস্কৃতি (দ্বিতীয় খণ্ড),* দীপ প্রকাশন, কলকাতা, জানুয়ারি ২০২২।

৪। ঘোষ, ফটিক চাঁদ, *দক্ষিণ পশ্চিম সীমান্ত বাংলার হারিয়ে যাওয়া লোকসঙ্গীত*, বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা, এপ্রিল ২০২০।

আন্তর্বিদ্যা

www.debracollege.ac.in

Doi: https://doi.org/10.5281/zenodo.15812701

‘দেশভাগ’: অসময়ের সংলাপ

সুরজিৎ বেহারা, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, কল্যাণী বিশ্ববিদ্যালয় (DODL)

Submitted on: 24.04.2024

Accepted on 20.03.2025

সংক্ষিপ্তসার- *ইতিহাসের নির্মাণ এই নতুন শতাব্দীতে কেবল লিখিত দলিলের ওপর নির্ভর করে দাঁড়িয়ে নেই। ইতিহাসকে চেনার নিত্য নতুন অভিমুখ গড়ে উঠেছে ; যে পদ্ধতিতে ভর করে আমরা সময়ের গুরুত্বপূর্ণ এক-একটি চরিত্রকে নতুন করে বুঝে নিতে চেষ্টা করি। ‘দেশভাগ: স্মৃতিযাত্রায় চার প্রজন্মের মেয়েরা’- গ্রন্থটিতে তেমনই একটি প্রচেষ্টা চোখে পড়বে। দেশভাগ পরবর্তী সময়ে একটি পরিবার, যাদের মাথার ওপরে কোনো পুরুষ অভিভাবক ছিল না শেষ চারটি প্রজন্ম ধরে, তাঁদের জীবনযুদ্ধের বয়ান এই আখ্যান। যেখানে এক ছিন্নমূল মা তার সাত ছেলে-মেয়েকে নিয়ে একক প্রচেষ্টায় নতুন করে বাঁচার পথ তৈরি করেছিলেন। দেশভাগ-উদ্বাস্তু জীবন সমস্যার ডকুমেন্টগুলি ওরাল ফর্ম থেকে সরাসরি সংগ্রহের যে মেথড্ লেখক এখানে ব্যবহার করেছেন, তার মধ্য দিয়ে সেই সময়ের আকর উপাদানসমূহ সরাসরি বয়ান আকারে উঠে আসে। যে আখ্যান শেষ পর্যন্ত কেবল উদ্বাস্তু জীবনের বিপর্যয়গুলি দেখায়নি বরং নতুন করে ঘর বাঁধার নির্দেশিকাও দিয়েছে।*

সূচক শব্দ- *দেশভাগ, কাঁটাতার, ছিন্নমূল, উদ্বাস্তু, প্রত্যাবর্তন, জীবনযুদ্ধ*

সে এক অসম্ভব অ-সময়ে টিকে থাকা মানুষগুলোর কথা। এমন চার প্রজন্মের কথা, যে প্রজন্মগুলির ধারা বয়ে নিয়ে চলেছেন কেবল বিধবা নারীরা। তাঁদের পাশে এসে দাঁড়াবেন এমন কোনো সমর্থ পুরুষ বেঁচে ছিলেন না। তাঁদেরই শেষ প্রজন্মটি পেরিয়ে এসেছেন দেশভাগ-সাম্প্রদায়িক দাঙ্গা- লুঠপাটের সব অ-সম্ভব পটভূমি। এর মাঝেই ছয়টি অপ্রাপ্ত বয়স্কা নারী সেই ধ্বংসলীলা পাশ কাটিয়ে পুব বাংলার নিজস্ব অট্টালিকা ছেড়ে পা বাড়াচ্ছেন আরও এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে। সত্যিই এ-এক অসম্ভব অ-সময়েরই 'কথা'। তবুও আর পাঁচটা ঘটনার মতো এই বৃত্তান্ত আটপৌরে নয়। তা না-হলে 'কথা' হয়ে উঠত না সেগুলো। ঠিক যেমন উর্বশী বুটালিয়া তাঁর 'The Other side of Silence' বইটিতে মানুষের টুকরো স্মৃতিকথা জুড়ে জুড়ে দেশভাগের একটি ন্যারেটিভ তৈরি করেছিলেন; সে-ভাবেই যেন এই গ্রন্থের লেখক বলে চলেছেন - কী অসীম কষ্ট সহ্য করে তাঁর পূর্ব প্রজন্মের এক মা একটি সন্তান ও ছয় সন্ততি সঙ্গে নিয়ে 'নিজের' মাটি ছেড়ে পশ্চিমবঙ্গের শরণার্থী শিবির এড়িয়ে এসে 'বাসা' গড়লেন কৃষ্ণনগরের প্রান্তবর্তী জঙ্গলে ঘেরা একটি পোড়ো বাড়িতে। এখান থেকেই নতুন এক লড়াই শুরু

Doi: https://doi.org/10.5281/zenodo.15812701

হবে। প্রতিকূলতার বিরুদ্ধে! কেবল গায়ের কাপড় আর পেটের ভাত-ই তো শেষ কথা নয়, শিক্ষাও চাই তাঁদের। এই অ-সম্ভব চ্যালেঞ্জের উল্টোদিকে দাঁড়িয়ে থাকা সেইসব প্রমীলার জীবন সংগ্রামের কথাই শুনিয়ে চলেছেন 'দেশভাগ: স্মৃতিযাত্রায় চার প্রজন্মের মেয়েরা'(গাঙচিল,২০২০) বইটির লেখক সুমনা দাস সুর।

২

ইতিবৃত্তের ভেতরে মিশে থাকা আরও একটি গল্পের আশ্চর্য সংকেতের মধ্য দিয়ে আখ্যানটি শুরু হলো। চুনি-ফিরোজা-মুক্তো দিয়ে গোছানো একটি প্রজাপতি লকেট! মেয়েবেলায় অনুষ্ঠানবিশেষে সোনার চেনের সঙ্গে ঝুলিয়ে সেই লকেট কেবল লেখকই পড়তেন না, তাঁর অন্যান্য তুতো বোনের গলাতেও তেমনই অলংকার শোভা পেত। ক্রমশ জানা যাবে, এইগুলি কোনো স্বতন্ত্র অলংকার নয়। আসলে একটা বড়ো নেকলেসের প্রান্তবর্তী অংশবিশেষ। অভাবের দায়ে সেই অলংকার বিক্রির সময় এগুলি খুলে রাখা হয়েছিল। এখান থেকেই একটি তাৎপর্য প্রকাশ হয়ে উঠতে চায়; টুকরো হয়ে যাওয়া আরও অন্যান্য প্রজাপতি থেকে আজ পাথরগুলো আলাদা হয়ে যাচ্ছে! তার অর্থ, অস্পষ্ট হয়ে আসছে একটা ফেলে আসা,অলিখিত সময়ের ইতিহাস। কিন্তু তাকে তো হারিয়ে ফেলা যায় না! লেখকের কথায় -

> 'প্রজাপতি লকেটটা ভাঙতে ভাঙতে, বদলাতে বদলাতে লীন হয়ে গেলেও সেই দায় কার!
> যাদের হাতে সেটি পৌঁছেছে, তাকে রক্ষা করার দায়ও কি সেই উত্তর প্রজন্মের নয়?' (পৃ. ১১)

সেই ছয় বোনের মধ্যে 'আজ' জীবিত চারজনের তিনজনকে একসঙ্গে বসিয়ে লেখক সংলাপ শুরুর উদ্যোগ নেন। (যেটি ইতিহাস পুনর্নির্মাণের ক্ষেত্রে অভিনব পন্থাও বটে।) সেখান থেকেই সৃষ্টি হবে এই অ-সম্ভব আখ্যানের। ঠিক যেমন সেই নৈঃশব্দ্যের অপর মেরু- রচনাটি। নারীরা তাদের স্বামী-সন্তানের কথা ভাবতে ভাবতে একদিন নিজেদের অস্তিত্বই হারিয়ে ফেলেছিল। তবুও হয়তো খুঁজলে দেখা যেত, সেখানে নিহিত আছে নেকলেস ভেঙে যাওয়ার মতোই জীবন ভাঙনের কিছু গোপন ইস্তেহার! তবে সেই বিস্মৃতির ট্র্যাজেডি এখানে নেই। কারণ, এই গ্রন্থের লেখক বুঝেছিলেন- নারীর নৈঃশব্দ্যে লেখা ইতিহাসের ভেতরেই অতীত যন্ত্রণার মূল লুকিয়ে থাকে। সেই সত্য তো আমাদেরই খুঁড়ে বের করে আনতে হবে।

প্রথমত, 'দেশভাগ: স্মৃতিযাত্রায় চার প্রজন্মের মেয়েরা' তাই অনিবার্যভাবেই পরাগত সময় এবং অন্যতর এক বেঁচে থাকার দিনপঞ্জিকে পুনরায় আবিষ্কার করার গল্প।

দ্বিতীয়ত, এর সঙ্গেই দেশভাগ-উদ্বাস্তু জীবন সমস্যার ডকুমেন্টগুলি ওরাল ফর্ম থেকে সরাসরি সংগ্রহের যে মেথড্ লেখক এখানে ব্যবহার করেছেন, তার মধ্য দিয়ে সেই সময়ের আকর উপাদানসমূহ সরাসরি বয়ান হিসাবে উঠে এসেছে। যাতে প্রক্ষেপনের অবকাশ থাকে না।

তৃতীয়ত, ইতিহাসের কোনো সংবেদনশীল ঘটনা নিয়ে কাজের ক্ষেত্রে লিখিত দস্তাবেজগুলি গুরুত্বপূর্ণ হলেও কালান্তরে সেই রচনাপ্রসঙ্গে বিভিন্ন মতামত- মতানৈক্য ইত্যাদি এসেই পড়ে। কিন্তু ইতিহাসের চরিত্ররা যখন মুখোমুখি বসে কথা বলছেন তখন, তথ্যের থেকেও টেমপারামেন্টগুলি বেশি তাৎপর্যময়। কারণ সেই ইতিহাসের আগুন এক-একজনকে ভিন্নভাবেই ছুঁয়ে গেছে। এই অনুভূতির দ্রবণসমূহ আমাদের আলোচ্য টেক্সটটির অন্যতম পাওয়া। পাঠক সেখানে ইতিহাস ও অনুভূতির যৌগ পদ্ধতিতেই একটা ফেলে আসা সময়কে চিনে নিতে সক্ষম হবেন।

৩

এই গল্পেরও একটা শুরু আছে। পরিবারের আদি পুরুষ বিপিন রায় ঢাকার বুড়িগঙ্গা তীরবর্তী সদরঘাট অঞ্চলের একজন ধনী মানুষ ছিলেন। তাঁর জন্ম আনুমানিক উনিশ শতকের দ্বিতীয়ভাগে। জীবিকা ছিল, ব্রিটিশ কোম্পানির

তৈরি কাচের ঝারবাতি বিক্রির রিপ্রেজেন্টেটিভ। এই সূত্রেই বড়ো বড়ো রাজা-জমিদারদের সঙ্গে আলাপ। যে আলাপ ব্যক্তিগত স্তর পর্যন্ত পৌঁছে গে'ছিল; তাঁদের চিকিৎসা-তীর্থভ্রমণ এইসবের ব্যবস্থা করে দেবার মাধ্যমে। ফলে উত্তরোত্তর পারিবারিক সমৃদ্ধি। বুড়িগঙ্গার কাছে বিপিন রায়ের বসত-ভিটা। অর্থ-সমৃদ্ধির জোয়ার এলে আরও তিনটি বাড়ি ক্রয় করেন তিনি। সেগুলি ভাড়ায় দেওয়া হয়। প্রথম স্ত্রীর দুই কন্যা বিধুমুখী এবং শশিমুখী। প্রথম পক্ষ গত হলে তিনি সরলাসুন্দরীকে বিবাহ করেন, যিনি নিঃসন্তান ছিলেন। অথচ 'সময়' কালের নিয়মে বদলাতে থাকে। প্রথমে কন্যা শশিমুখী বিধবা হয়ে সন্তান রাধারানিকে সঙ্গে নিয়ে বাপের ঘরে উঠে এলেন। তাদের খরচ উঠে আসত সে-সব বাড়ি ভাড়ার টাকা থেকে। বড়ো মেয়ে বিধুমুখী স্বামী-সন্তান নিয়ে ছিলেন শ্বশুরঘরেই। এবার সংসারের হাল ধরেন বিপিনের দ্বিতীয়পক্ষ সরলাসুন্দরী। দেখা গেল রাধারানিও কোলে কন্যা সন্তান নিয়ে সিঁদুর-লাঞ্ছিতা হলেন। বিপিনের সংসার সেই থেকে অন্ধকারের দিকে পথ হাঁটা শুরু করল। স্বামীর তিল তিল করে গড়ে তোলা সম্পদ বেহাত হয়ে যাক, তা বর্ষিয়সী সরলাসুন্দরী চাননি। অগত্যা হতভাগ্য তৃতীয় প্রজন্ম অর্থাৎ রাধারানির কন্যা সুভাষিণীর সঙ্গে বিপিন-গৃহিনী সরলা বিবাহ দিলেন তার ভাইপো রাধেশ্যামের। রাধেশ্যাম বিপিন রায়ের প্রতিষ্ঠিত স্কুলে শিক্ষকতা করতেন। সঙ্গে সম্পত্তি তদারকিও। রাধেশ্যাম-সুভাষিণীর এক পুত্র ও ছয় কন্যা। কিন্তু সময় যেন অনাসৃষ্টির অন্ধকারকে কিছুতেই অতিক্রম করে উঠতে পারছিল না। ১৯৪৯ সালে পনেরো দিনের জ্বরে রাধেশ্যামও গত হলেন! একদিকে দেশভাগ মানুষকে ছিন্নমূল করছে আর অন্যদিকে- সরলাসুন্দরী, শশিমুখী, রাধারানি এবং সুভাষিণী; হতভাগ্য এই চার নারী প্রজন্মের মাথার ওপর থেকে চিরকালের জন্য মুছে গেছে পুরুষ অভিভাবকের হাত! ফলে লড়াই দুদিক থেকেই যে ভীষণ, তা অনুমান করে নেওয়া যায়। সব শেষে মাটি ছেড়ে চলে যাওয়া...

একটি পরিবারের উত্থান-পতনের তরঙ্গভঙ্গে এই 'দেশভাগ' গ্রন্থটি অন্তর্মুখী সময় সংকেতের ভাষ্য গড়ে দিয়েছে। যে দলিল কোনো সমাজ ঐতিহাসিকের লেখা নয়। বরং হতভাগ্য চার প্রজন্মের নারীই (যেন) ইতিহাসের অনালোচিত অধ্যায় থেকে উঠে এসে আমাদের সে-সব কথা শুনিয়ে চলেছেন।

৪

চার ফর্মার এই বইটি কেবল দেশভাগের দলিল নয় বরং ছিন্নমূল একটা সময়কে অসহায় নারীদের দৃষ্টিকোণ থেকে বোঝাপড়া করার প্রয়াস। সেই যে সুভাষিণী ও রাধেশ্যামের সাত ছেলে-মেয়ের কথা বলা হয়েছিল (সরযূবালা, রাধাকান্ত, কানন, কমলা, বিমলা, অণিমা এবং মালা); তাঁদের মধ্যে কমলা, অণিমা (লেখকের মা) এবং মালা এই তিনজন নারী গোটা আখ্যানজুড়ে বিচিত্র পরিসরে তাঁদের অতীত-কথা রোমন্থন করে গেছেন। এর মধ্য দিয়ে ফুটে উঠেছে খণ্ডিত একটা সময়ের রঙবাহার; যার অনেকটাই বিবর্ণ। তবু তার ভেতরে চুনি-ফিরোজা-মুক্তো বসানো সেই প্রজাপতি লকেটটার মতো একটা কোমল আলোর আস্কারা ছিল। স্পর্ধাও! না হলে এতটা পথ তাঁরা অতিক্রম করলেন কেমন করে? সেই সরলাসুন্দরী, যিনি একাধিপত্য খাটিয়ে বাড়ির সদস্যদের অন্ন পর্যন্ত বন্ধ করে দিতে পারতেন। যাতে সহায় সম্পত্তি প্রথম পক্ষের কন্যা বিধুমুখীরা না দাবি করতে পারেন, তাই রাধারানির কন্যা সুভাষিণীর সঙ্গে নিজের ভাইপো রাধেশ্যামের বিয়ে পর্যন্ত তাঁরই উপস্থিত বুদ্ধির জোরে হয়েছিল। আবার কমলা বলছেন, তিনি তাঁর বড়োমা- দিদিমাদের আজীবন বৈধব্যের বেশেই দেখেছিলেন। তখন সরলাসুন্দরীরা আবার অন্য নারী। অণিমা জানাচ্ছেন, সেই ভাগ্যাহত নারীরা (শশিমুখী, রাধারানি) সংস্কারের বশে নিজেদের চুল নিজেরাই কেটে নিতেন; অথচ কখনই কোনো রঙের স্পর্শ তাদের গায়ে লাগতে দেননি। আশ্চর্য হতে হয়, সতেরো-আঠারো বছর বয়সে যাঁরা স্বামীহারা হলেন- তারা পরবর্তী এতটা জীবন ধরে প্রব্রজ্যা পালন করে চললেন কী ভাবে? আবার এর ফাঁক দিয়েই আখ্যানে উঁকি দিয়ে যায় পিতৃতান্ত্রিক আধিপত্যের স্মৃতি। অণিমা

Doi: https://doi.org/10.5281/zenodo.15812701

শুনেছেন, গৃহকর্তা বিপিন রায় শৌখিন জীবনে অভ্যস্ত ছিলেন। আলোকপ্রাপ্ত ব্রাহ্মসমাজে আসা-যাওয়া ছিল তাঁর। অথচ প্যারাডক্স যে,

> ' ... সেই আলো বাড়ির মেয়েদের মধ্যে নিয়ে আসার, তাঁদের পড়াশোনা বা সংসারের বাইরে অন্য কাজে উদ্বুদ্ধ করার চেষ্টা তিনি কখনো করেননি।' (পৃ:.২৩)

তবুও তাঁরা জিতাক্ষরা। তৃতীয় প্রজন্মের সুভাষিণী (কমলার উচ্চারণে - 'আমাদের মা') সেই যুগেও ক্লাস ফোর পর্যন্ত পড়েছিলেন। চতুর্থ প্রজন্মের বড়ো মেয়ে সরযূ বা পরের জন কানন পূর্ববঙ্গের গেণ্ডারিয়া গার্লস হাইস্কুলে পড়েছেন। তৃতীয় কন্যা কমলা বলছেন,' আমি যেতাম প্রাণবল্লভ মাস্টারের পাঠশালায়।' এবং ইতিহাস বলছে, সময়টা ১৯৪৫-৪৬। চারিদিকে অশান্তি-অস্থিরতার প্রতিকূলে দাড়িয়েও ওঁরা বুকে সাহস সঞ্চয় করেছিলেন। কেবল আভিজাত্য বা কৌলীন্য নয়, পড়াশোনাটাও যে খুব দরকার! অথচ বাইরেটা বীভৎস! কমলারই উচ্চারণ, '১৯৪৫-৪৬ সাল হবে সেটা।... চারিদিকে অশান্তি, অস্থিরতা। যখন-তখন যেখানে -সেখানে মারদাঙ্গা লেগে যাচ্ছে। রাস্তাঘাট আর মেয়েদের চলাফেরার জন্য নিরাপদ রইল না।'(পৃ.২৪) তাই স্কুল ছাড়তে হলো তাদের। এবং বড়ো দাদা বা একমাত্র পুত্র সন্তান রাধাকান্তের বয়স যখন সবে ষোলো, তাঁদের পিতা অর্থাৎ সুভাষিণীর স্বামী রাধেশ্যামও ম্যানেনজাইটিসে মারা গেলেন। একটি পরিবারও যেন হতভাগ্য পূর্ববঙ্গের মতোই হয়ে পড়ল চিহ্নহীন। ১৯৪৯ সাল। এই তৃতীয় প্রজন্মের নারীরা অসহায়ভাবে তখনও পূর্ব পাকিস্তানে। লোহারপুর, সূত্রাপুর তাঁদের বাড়ির কাছেই; এ-সব জায়গায় দাঙ্গা হচ্ছে। কমলার স্মৃতি এবার ইতিহাসের বিশ্লেষণে রত। তিনি জানাচ্ছেন, লুঠপাট-দাঙ্গা এসব বিহারী মুসলমানেরা বাঁধাত। বাঙালি মুসলমান নয়। তাঁদের আত্মীয়বর্গের একাংশ কলকাতায় চলে গেছে আগেই। এদিকে প্রতিটা দিন আশংকায় কাটছে ! লুঠেরা দল, যে বাড়িতে মেয়েরা আছে সে-সব বাড়িতেই আক্রমণ করছে বেশি। রানি নামের এক কিশোরীর দাদুকে ডাকাতেরা ছুরি মারে। লেখকদের বাড়ির বাক্স-তোরঙ্গ-শাড়ি সব লুঠ হয়ে যায়। বস্ত্রের অভাব যেন আরও এক 'দুঃশাসনীয়' গল্পের জন্ম দেবে! তবে তারপরেও সুভাষিণী চার প্রজন্মের কয়েকশো ভরি গহনা ঠিক আগলে রাখতে পেরেছিলেন। এই নিয়েই তাঁদের আগামীর পথ চলা বা পথ বদল বলা যায়। অণিমা জানাচ্ছেন, তারা ঘর ছাড়ছেন ১৯৫০ এর এপ্রিল -মে মাসে। কিন্তু সরলা,শশিমুখীরা সে-দেশেই থেকে যান।

যেখানে রক্তের সম্পর্কিত মানুষগুলো অসময়ে মুখ ফিরিয়ে নিয়েছিল, সেখানে দাদা রাধাকান্তের এক মাস্টারমশাই তাঁদের সাহায্য করলেন। তিনি গোয়ালন্দের স্টিমারে তুলে দিয়েছিলেন তাঁদের। সেই যাত্রার অভিজ্ঞতাও ভয়ংকর! অমানুষিক ভিড়, পশুর মতো গাদাগাদি করে পিণ্ড পাকিয়ে আসা যাত্রীদের শরীর আমাদের মনে করিয়ে দেবে সৈয়দ ওয়ালীউল্লাহ-র 'মৃত্যুযাত্রা' গল্পের কথা। তপোধীর ভট্টাচার্য যে গল্প প্রসঙ্গে আলোচনা করেছিলেন,

> 'মৃত্যু-শাসিত ক্ষুৎপীড়িত জীবন থেকে নিষ্ক্রান্ত হওয়ার দুরাশায় যারা সামাজিক অস্তিত্বের শিকড় ছিঁড়ে পথে বেরিয়েছে, ওরা মনে-মনে অনুভব করে, সমস্ত পথের শেষে কিংবা পথের পাশে ওৎ পেতে আছে মৃত্যু।' (ভট্টাচার্য, ২০১৭; ২৯৪)

-এই অসহায় নারীরা সেই ভাবেই তাদের সন্তান সন্ততি নিয়ে ঘর ছাড়লেন। একটা অনিশ্চিত ভবিষ্যতের ভয় তাঁদের বুকে। নারায়ণগঞ্জ থেকে গোয়ালন্দ, সেখান থেকে শিয়ালদহ। কলকাতায় তাঁদের ঠাঁই হলো পিসিমার বাড়ি, তালতলার ডাক্তার লেনে। অণিমা তাঁর স্মৃতি-সংলাপে জানাচ্ছেন- দলে দলে রিফিউজিদের কীভাবে স্টেশন থেকে ট্রাকে তুলে ধুবুলিয়ার ক্যাম্পে পাঠানো হচ্ছিল, সেই কথা। অরবিন্দ পোদ্দার-এর একটি মন্তব্য এই প্রসঙ্গে কোড করা বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না-

> 'পার্মানেন্ট লায়াবিলিটি তকমায় ভূষিত হয়ে বাঙালি উদ্বাস্তুদের জীবন শোচনীয় পর্যায়ে পৌঁছেছিল তা শিয়ালদহ স্টেশনে নিত্য বীক্ষ্যমান মানব-জঞ্জালের চিত্র থেকে পুনরায় অনুভব করা যেতে পারে। মনে হবে বিংশ শতাব্দীর এক সভ্য শহরের বুকে আশ্চর্য একটা প্রদর্শনী খুলে দিয়েছে কে। প্রদর্শনী বটে!' (বসু-দত্ত,২০০০; ১৮০)

--না, সুভাষিণীরা সেই পথ ধরেননি। চলার পথে অনেক ভালো মানুষ তাঁরা পাশে পেয়েছিলেন। পূর্ববঙ্গের সেই মাস্টারমশাইয়ের মতোই কলকাতায় সন্তোষমামা। তাঁর সাহায্যেই কৃষ্ণনগরে বাড়ি ভাড়ার ব্যবস্থা হলো এঁদের। বিরাট বাগানে ঘেরা বসবাসের অযোগ্য মাত্র একটা ঘরবিশিষ্ট বাড়ি। তবু তাতেই এই নারীরা নতুন এক জীবনযুদ্ধের আয়োজন করলেন। টিকে থাকার লড়াই! এদেশে আগে থেকেই বসবাসকারী (বড়দিদির স্বামী) জামাইবাবু কিছুটা বিমুখী, কারণ- ঘরহারাদের যদি সাহায্য করতে হয়! সুভাষিণী এক অপরাজেয় শক্তির ধাত্রী। তিনি সেই অসহায় অবস্থায় বাগানের ডালপাতাকে জ্বালানি করেই মাটির হাঁড়িতে রাঁধা ভাত আর বাগানের সবজি খাইয়ে সকলকে বাঁচিয়ে রেখেছিলেন। বারবার জীবন হাতে নিয়ে পূর্ব পাকিস্তানে গেছেন স্থাবর সম্পত্তি বিক্রিবাটা করার প্রয়োজনে। না, তারপরেও অণিমারা অন্ধকারে থাকেননি। কেবল মাথার ছাদই তো তাঁদের শেষ দাবি ছিল না। তাঁরা কৃষ্ণনগর স্কুলে ভর্তি হন। একযুগ বিভুঁইয়ে এসে যুদ্ধ করে তারপর আবার এঁদের স্বাক্ষরতা অর্জনের লড়াই শুরু হলো। অন্যদিকে প্রবল জেদকে আঁকড়ে রেখে সরলাসুন্দরী সে-দেশেই দুঃস্থ এক আত্মীয়কে সম্বল করে রয়ে গেলেন। তিনি এ দেশে আসেননি। ফলে চতুর্থ প্রজন্মের চোখে যেন একটা যুগের সমাপ্তি হলো এইবার।

তবুও জলের দামে সে দেশের সবকিছু বিক্রি করতে হয়েছিল। বিপিন রায়ের বসতবাড়ি ছাড়াও পঞ্চাশটি ঘর বিশিষ্ট খাজাঞ্চিবাড়ি, ঢাকায় রাধারানির নামে রাখা আরও তিনটি বাড়ি; এসবে সেদিন জোর বা অধিকার ফলানো অসম্ভব ছিল। কারণ রাজনীতি ও রাষ্ট্রনীতির বদল হয়ে গেছে ততদিনে। তবু জাফর সাহেবের মতো এক ভারাটিয়াও তো সে দেশে ছিলেন, যিনি রাধারানিকে 'মা' বলে ডেকেছিলেন? ছিলেন কুলপুরোহিতের সন্তান নরসিংহ চক্রবর্তী। তাঁরাই সে-সব বিক্রিবাটায় এই একা নারী সুভাষিণীকে সাহায্য করেন। মালা তাঁর স্মৃতি রোমন্থন করে জানাচ্ছেন, তাঁর দাদা রাধাকান্ত ঠাকুমা রাধারানিকে প্লেনে তুলে দিলে তিনি একাই খালি পায়ে কলকাতা থেকে ঢাকা যেতেন। আজকের দিনে দাঁড়িয়ে সে-সব কথা ঠিক যেন গল্পের মতো মনে হয়। এরপর একটু একটু করে সময়ের পালাবদল। গড়িয়ার রামগড়ে ১৯৬০ সালে নিজস্ব বাড়ি গড়ে তোলা। তবুও কলকাতার চার দেওয়ালের থেকে অণিমারা আজীবন কৃষ্ণনগরের খোলা মাঠ -নিসর্গকেই ভালোবেসে চলেছেন আজও।

৫

আমাদের ভেবে নিতে হয়, 'দেশভাগ: স্মৃতিযাত্রায় চার প্রজন্মের মেয়েরা' গ্রন্থটিতে লেখক আসলে এমন একটা ন্যারেটিভকে দেশভাগের প্রেক্ষাপটে তুলে ধরছেন, যেখানে শুধু ভাঙন বা বিপর্যয় নেই। তার সঙ্গেই মিশে আছে বিপ্রতীপের স্পর্ধা। অণিমা'রা তাঁর মাকে কখনও মুখ ঢাকা ঘোমটা দিতে দেখেননি, দেখননি পুরুষ মানুষ দেখে তাঁকে পালিয়ে যেতে। যে যুগ আইয়ুব খানের, সেই বিপর্যয়ের কালে দাঁড়িয়েও স্থিতধী সুভাষিণী স্থানীয় এক প্রজা সামেদ মিঞার সহযোগিতায় বাঘৈরের জমিজমা বিক্রি করতে পেরেছিলেন। তাঁর এই সপ্রতিভ আচরণই তো উত্তর প্রজন্মকে প্রতিস্পর্ধা শিখিয়েছিল। শিখিয়েছিল বেঁচে থাকার ব্যতিক্রমী পাঠ। কমলার স্মৃতি তাই রক্তের লোহিত ইতিহাসকে শুধু মনে রাখেনি। বরং তিনি তাঁর সংলাপের মধ্য দিয়ে আরও এক স্বপ্নময় লাল রঙের আভা স্মৃতির ক্যানভাসে ছড়িয়ে দেন- সেই গ্রামে 'হিন্দু মহিলারা কেউ কেউ বাড়িতে আলতা বানাতো।... একথা মনে আছে, কারণ ওদের হাত সব সময় লাল হয়ে থাকত। আমি ছোটোবেলায় দেখে ভাবতাম এরকম রং কেন

Doi: https://doi.org/10.5281/zenodo.15812701

হাতের!' (পৃ.৪১) তিনি আরও বলে চলেন মুসলমানপ্রধান সে গ্রামে বুদ্ধ পূর্ণিমার উৎসবের কথা, মাটির মালসায় মুড়কি আর সিন্নি খাওয়ার কথা। আহা! অতীত! এবং খাজাঞ্চিবাড়ির সেই মদনমোহন পুজোয় হরির লুঠের কথা; মালা আজও ভোলেননি। কারণ, ভোলা যায় না বলে।

এরপর বিশ শতকের ছয়ের দশক। চতুর্থ প্রজন্ম রাধাকান্তের আই.এ. পাশ করে চাকরি ও অনেক পরে স্নাতক হওয়া। সুভাষিণীর তখনও একই লড়াই - যে করে হোক দুবেলা এতগুলো মানুষের পেটের ভাত জোগাড় করতেই হবে! মেজ ও সেজ বোন অদম্য জেদে ভর করে স্কুলে ভর্তি হলো। সেখানেই আরও এক ভালোমানুষ ছিলেন। হেডমাস্টারমশাই তাদের দুঃখে সহমর্মী। কানন ও কমলা সাত ক্লাস পর্যন্ত পড়াশোনা করার পর তাদের বিবাহ দেওয়া হয়। কমলার শ্বশুর বাড়ি কুমিল্লা হলেও স্বামী কলকাতার বড়ো বাজারে একটি চাকরির ব্যবস্থা করে আবার স্ত্রীকে কৃষ্ণনগরে ফিরিয়ে আনলেন। অণিমা জানাচ্ছেন , তাঁর সেজদির (কমলার) প্রবল চেষ্টা এবং জেদের দরুণ তিনি সন্তান কোলে নিয়েও ম্যাট্রিক পরীক্ষায় সম্মানের সঙ্গে উত্তীর্ণ হয়েছিলেন। তারপর কৃষ্ণনগর মহিলা কলেজ। কাননও দুই সন্তানের মা হয়ে প্রাইভেটে ম্যাট্রিক পাশ করেন। আজ থেকে প্রায় অর্ধ শতাব্দী আগে দাঁড়ানো এক নারী (অণিমা) চাকরির আবশ্যিকতা প্রসঙ্গে বলছেন - ' আসলে বিয়েটা ওদের পরিচয় বদল ছাড়া তো কিছু দেয়নি,...। তাই চাকরিটা কোনো শখ মেটাতে নয়... একেবারে বাস্তব প্রয়োজনে দরকার ছিল।' সত্যজিৎ-এর 'মহানগর' সিনেমার সেই আরতি ওরফে মাধবী মুখোপাধ্যায়ের মুখটা কি আমাদের চোখের সামনে ভেসে ওঠে না?

চতুর্থ প্রজন্ম সাবলম্বী হচ্ছে। কমলা, চতুর্থ সন্ততি টেলিফোন অফিসে চাকরি পেলেন। মালাও। অণিমাও লড়াইয়ে শরীক। দুপুরে বাজারে গেলে কম দামে বাজার মেলে ; সেই পথে তিনি পা বাড়াতেন প্রত্যহ। তবু ভালো থাকতে জানতেন তাঁরা। অণিমার কথায়, কৃষ্ণনগরের সেই অনিশ্চিত জীবনে 'প্রবল দারিদ্র্যের মধ্যেও আনন্দে ছিলাম আমরা। একটা মুক্তি ছিল, প্রাণ ভরে নিঃশ্বাস নেওয়ার বাতাস ছিল।' (পৃ.৫১) তারপরে একে একে পুরাতনের মুছে যাওয়ার পালা। বড়োমা, দিদিমা চলে গেলেন। কমলা দীর্ঘশ্বাস ফেলে বলছেন, 'মাঝে মাঝে ভাবি, কী জীবন কাটালেন তাঁরা!...কখনো এতটুকু বিশ্রাম, এতটুকু সেবা পেলেন না।' অথচ তার পরেই তিনি বলেন - হয়তো নিজের দিকে তারা তাকাননি ভালোই করেছেন। কারণ সে-সব নারীদের ব্যক্তিগত জীবনের সঞ্চয় বলতে দুঃখ ছাড়া আর কী-ই বা অবশিষ্ট ছিল? তাঁরা নয়া বসত গড়ে উঠতেও দেখছিলেন এই অসম্ভব যাত্রায়। কৃষ্ণনগরের চৌধুরীপাড়া, অঞ্জনানদীর ধারে রিফিউজিদের নতুন আস্তানা, পাশেই শক্তিনগর; শরণার্থীরাই এখানে নতুন বসতি গড়েছিল।

ছিন্নমূল হওয়া মানে তো কেবল ভেসে যাওয়া নয়, নতুন করে ঘর বাঁধাও। এমন পাঠ এই পুরুষহারা চার প্রজন্মের শিকড়ে বাঁধা পড়েছিল বহুদিন আগেই। তাই শুধু মহানগরের ক্যাকোফোনি নয়, কৃষ্ণনগরের ক্যাথালিক চার্চের স্থাপত্য-গভীরেও অণিমারা তাঁদের শৈশব লুকিয়ে রাখতে পারেন। তাঁদের দারিদ্র্যে ঘেরা উচ্ছিন্ন শৈশব মিশে থাকে কৃষ্ণনগরের সেই রাজবাড়ির বারোদোলের মন্দিরগুলিতেও। তার পাশেই অণিমার স্মৃতিকোঠায় জেগে ওঠে ছোড়দি বিমলার কথা; ঘুমের ঘোরে একদিন যিনি সাধারণ চোর ধরার চিৎকারে আঁতকে উঠেছিলেন- ঢাকার রায়টকে মনে রেখে। অণিমা বলছেন - 'এখন ভাবি,স্মৃতি কীভাবে অবচেতনের ভাঁজে ভাঁজে ঢুকে থাকে!' (পৃ.৬১) প্রেক্ষিত সম্পূর্ণ আলাদা, তবু মনে পড়ে যায় মান্টোর 'খোল দো' গল্পটিকেও। না, চার প্রজন্মের স্মৃতিযাত্রায় এই কমলা- অণিমা- মালা'রা কখনই আনন্দ ভুলে যাননি। লেখকও জানাচ্ছেন, 'আগুনের মধ্যে দিয়ে হেঁটে এলে যা পোড়ার তা তো পুড়ে যাবেই; কিন্তু যা রয়ে যায়, তা খাঁটি।' (পৃ.৬২) এক অসম্ভব অ-সময়ের সংলাপ হয়েও শেষ পর্যন্ত এই টেক্সট্ তাই সেই সব অলিখিত ইতিহাসের দলিলকে বাঁচিয়ে তুলেছে, যেগুলিকে আমরা অ্যানেকডট

বলি। ব্যক্তিগত স্মৃতি-সংলাপের আদলে বিখণ্ডিত ইতিহাসের যে পুনর্লিখন লেখক এই গ্রন্থে গড়ে নিয়েছেন, সে-জন্যও 'দেশভাগ: স্মৃতিযাত্রায় চার প্রজন্মের মেয়েরা' বইটি বহু পাঠ ও আলোচনার দাবি রাখে।

গ্রন্থ পরিচয়

দাস সুর, সুমনা; (২০২০) 'দেশভাগ:স্মৃতিযাত্রায় চার প্রজন্মের নারীরা', প্রথম প্রকাশ, কলকাতা, গাঙচিল।
ভট্টাচার্য, তপোধীর; (২০১৭) 'ছোটগল্পের সুলুক-সন্ধান'(পূর্বার্ধ), প্রথম প্রকাশ, কলকাতা, দে'জ পাবলিশিং।
ভৌমিক, তাপস (সম্পাদনা); (২০১৯) 'ছেচল্লিশের ইতিকথা', প্রথম প্রকাশ, কলকাতা, কোরক।
বসু,স্বপন, হর্ষ দত্ত (সম্পাদিত); (২০০০) 'বিশ শতকের বাঙালি জীবন ও সংস্কৃতি', প্রথম প্রকাশ, কলকাতা, পুস্তক বিপণি।

আন্তর্বিদ্যা

www.debracollege.ac.in

Doi: https://doi.org/10.5281/zenodo.15812707

রাজা রামমোহন রায়: যুগান্তকারী রাজনৈতিক চিন্তা

ড. মিঠুন ব্যানার্জ্জী, সহকারী অধ্যাপক, ডেবরা থানা শহীদ ক্ষুদিরাম স্মৃতি মহাবিদ্যালয়।

Submitted on: 24.04.2024

Accepted on: 20.03.2025

সংক্ষিপ্তসার - নবজাগরণের অন্যতম পুরোধা ব্যক্তিত্ব রাজা রামমোহন রায় শুধু একটি যুগের প্রতিনিধি ছিলেন না, তিনি ছিলেন সমাজ, ধর্ম ও রাজনীতির জটিল পরিবর্তনের এক অগ্রদূত। বাংলার নবজাগরণের প্রেক্ষাপটে তাঁর অবদান যেমন অনস্বীকার্য, তেমনই ভারতীয় রাজনীতির ইতিহাসেও তিনি এক গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছেন। তাঁর ধর্মীয় ও সামাজিক সংস্কারমূলক কর্মকাণ্ড শুধু সমাজকে নতুন দৃষ্টিকোণ দিয়েছিল তা-ই নয়, বরং ভবিষ্যতের রাজনৈতিক ভাবনার ভিতও রচনা করেছিল। রাজনীতির ছাত্রছাত্রীদের কাছে রাজা রামমোহনের এই দৃষ্টিভঙ্গি আজও এক প্রাসঙ্গিক ও আকর্ষণীয় বিষয় হিসেবে গণ্য হয়।এই প্রবন্ধে মূলত বিশ্লেষণ করা হয়েছে যে, কীভাবে রাজা রামমোহন রায় ধর্মসংস্কারের মাধ্যমে সমাজে এক ইতিবাচক পরিবর্তন আনার চেষ্টা করেছিলেন এবং সেই প্রক্রিয়ায় সমকালীন উদীয়মান বুর্জোয়া শ্রেণির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়েছিলেন। ব্রাহ্ম ধর্মের প্রবর্তন, সতীদাহ প্রথা রদে আন্দোলন, নারী শিক্ষার প্রসারে উদ্যোগ এবং যুক্তিবাদী ও মানবতাবাদী চিন্তাভাবনার মাধ্যমে তিনি সমাজ সংস্কারের যে রূপরেখা নির্মাণ করেছিলেন, তা এক আধুনিক ও প্রগতিশীল রাষ্ট্রচিন্তার পরোক্ষ ভিত্তি হিসেবে কাজ করে। প্রবন্ধটিতে তাঁর ধর্মচিন্তা, ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি তাঁর শ্রদ্ধাবোধ, নৈতিকতা ও মানবতার উপর তাঁর নির্ভরতা, জনমতের প্রতি আস্থা এবং লোকশিক্ষা বিষয়ক মতামতকে কেন্দ্র করে রাজা রামমোহনের রাষ্ট্রভাবনার বিশ্লেষণ করা হয়েছে। বিশেষত, তাঁর যুক্তিবাদী মনোভাব ও ধর্মীয় সহিষ্ণুতা তাঁর রাজনৈতিক মতাদর্শে যে প্রভাব ফেলেছিল, তা এখানে বিশেষভাবে আলোচিত হয়েছে।এছাড়াও, তাঁর ব্যক্তিগত জীবনধারার বিশ্লেষণের মাধ্যমে তাঁর রাজনৈতিক ও সামাজিক মতামতের মধ্যে থাকা সম্ভাব্য দ্বন্দ্ব ও স্ববিরোধিতাগুলিকেও চিহ্নিত করার চেষ্টা করা হয়েছে। যেমন, একদিকে তিনি ধর্মনিরপেক্ষ যুক্তিনির্ভর সমাজের কথা বললেও, অন্যদিকে তাঁর ব্যক্তিজীবনে কখনও কখনও ঐতিহ্য ও সংস্কারের সঙ্গে আপোষের প্রবণতা লক্ষ করা যায়। এই দ্বৈততা কখনও কখনও তাঁর চিন্তার বাস্তব প্রয়োগে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। এই সমস্ত দিককে বিশ্লেষণের মাধ্যমে এই প্রবন্ধে রাজা রামমোহন রায়ের রাষ্ট্রচিন্তা ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গির একটি সমন্বিত রূপ তুলে ধরার প্রয়াস করা হয়েছে।

সূচক শব্দ- নবচেতনার উন্মেষ, ভারতীয় জীবনদর্শন, আধ্যাত্মিক ধারা, একেশ্বরবাদ, মূল্যবোধ, লোকশিক্ষা, গণবীক্ষা, শ্রেণিবৈষম্য, স্ববিরোধিতা।

Doi: https://doi.org/10.5281/zenodo.15812707

রাজা রামমোহন রায়কে ভারতীয় ইতিহাস, বিশেষ করে বাংলার আধুনিক ইতিহাসে যুগান্তকারী পরিবর্তনের অগ্রদূত হিসেবে গণ্য করা হয়। ঊনবিংশ শতকের বাংলা সমাজে যে নবজাগরণের সূচনা হয়েছিল, তা সামাজিক ও ধর্মীয় জীবনে গভীর পরিবর্তন এনেছিল। এই নবজাগরণ ছিল এক নবচিন্তার প্রবাহ, যা সমাজে প্রগতিশীল দৃষ্টিভঙ্গির প্রসার ঘটায়। এই নবচেতনার আন্দোলনকে সমৃদ্ধ করে তুলেছিলেন একাধিক মনীষী ও চিন্তানায়ক।বাংলার নবজাগরণকে সমৃদ্ধ করে তুলেছিলেন যাঁরা, তাঁদের মধ্যে দেবেন্দ্রনাথ ঠাকুর, ঈশ্বরচন্দ্র গুপ্ত, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রামকৃষ্ণ পরমহংস, স্বামী বিবেকানন্দ এবং বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মতো চিন্তাবিদ ও মনীষীদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তবে এই নবজাগরণের ইতিহাসে রাজা রামমোহন রায় ছিলেন নিঃসন্দেহে অগ্রপথিক। তিনি ছিলেন নবচেতনার সেই প্রথম পুরুষ, যিনি যুক্তিবাদ, মানবতাবাদ ও সমাজ সংস্কারের আলোকে বাংলার সমাজকে নতুন দিশা দেখিয়েছিলেন। তাঁর প্রজ্ঞা, বুদ্ধিবৃত্তিক মনোভঙ্গি এবং তৎকালীন সমাজবাস্তবতার গভীর উপলব্ধি তাঁকে নবজাগরণের পুরোভাগে নিয়ে আসে। রাজা রামমোহন রায় প্রগতিশীল ধর্মভাবনার প্রচারের মাধ্যমে সমাজ ও রাষ্ট্রজীবনে যুগান্তকারী পরিবর্তন আনার উদ্যোগ নেন। ব্রাহ্ম ধর্মের প্রতিষ্ঠা, নারী অধিকারের পক্ষে মতদান, ধর্মান্ধতা ও কুসংস্কারের বিরুদ্ধে অবস্থান তাঁর চিন্তার বাস্তব দৃষ্টান্ত। তবে, বাংলার এই নবজাগরণ কতটা গভীর প্রভাব ফেলেছিল সামগ্রিক সমাজব্যবস্থার উপর? অর্থনৈতিক কাঠামোয় এর কী ধরনের প্রতিফলন ঘটেছিল? এবং এই নবজাগরণ কি আদৌ ইউরোপীয় পুনর্জাগরণের মতো কোনো ভিত্তিগত সমাজবদলের পথ প্রশস্ত করেছিল? এই সমস্ত প্রশ্নের নিরীক্ষার মাধ্যমেই রামমোহনের অবদানের প্রকৃত তাৎপর্য নির্ধারণ করা সম্ভব। এছাড়াও, তাঁর ব্যক্তিজীবনের বিভিন্ন দিক পর্যালোচনা করে দেখা জরুরি যে, তাঁর জীবনযাপন কতটা সামঞ্জস্যপূর্ণ ছিল তাঁর প্রচারিত রাজনৈতিক ও সামাজিক চিন্তাভাবনার সঙ্গে। কারণ, সমাজ, ধর্ম ও রাষ্ট্র সংক্রান্ত তাঁর যে দার্শনিক অবস্থান, তা বিশ্লেষণ করে দেখলেই বোঝা যাবে তাঁর চিন্তার গভীরতা, স্ববিরোধ এবং বাস্তব প্রয়োগের পরিপ্রেক্ষিত। এসবের আলোকে রামমোহন রায়ের নবজাগরণে অবদান কতটা মৌলিক ও দীর্ঘমেয়াদী ছিল, তা মূল্যায়ন করাও একান্ত প্রয়োজন।

নবজাগরণ ও ঔপনিবেশিক প্রেক্ষাপটে রামমোহনের রাষ্ট্রভাবনা: মুঘল সাম্রাজ্যের পতনের পর বাংলাসহ সমগ্র উপমহাদেশের সামাজিক পরিসরে চরম অবনতি লক্ষ্য করা যায়। হিন্দুসমাজ সেই সময়ে এক গভীর মনোবৈকল্যের শিকার হয়, কারণ রাজনৈতিক ক্ষমতা পুনরুদ্ধারের কোনও বাস্তব সম্ভাবনা ছিল না। সেইসঙ্গে অশিক্ষা, অজ্ঞতা এবং কুসংস্কারের আঁধারে সমাজ নিমজ্জিত হয়ে পড়ে। ধর্মীয় অনুশাসনের বদলে পুরোহিততন্ত্রের প্রভাব বাড়তে থাকায় আচার-অনুষ্ঠান ও লোকবিশ্বাস সমাজজীবনে অযাচিত প্রাধান্য লাভ করে। এই রকম এক অবক্ষয়গ্রস্ত সমাজকে পুনরুজ্জীবিত করার প্রয়াস নিয়েছিলেন রাজা রামমোহন রায়। ইউরোপের ধর্মসংস্কার আন্দোলন ও বৌদ্ধিক জাগরণ থেকে অনুপ্রাণিত হয়ে তিনি উপলব্ধি করেন, ব্রিটিশ শাসিত ভারতে একটি নবীন শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির উদ্ভব ঘটছে— যাদের যুক্তিবাদী মনোভাব, আত্মবিশ্বাস এবং কর্মশক্তির মাধ্যমে সমাজে পরিবর্তন আনার সম্ভাবনা রয়েছে। কিন্তু সেই সংস্কারহীন, কুসংস্কারাচ্ছন্ন ও অনুন্নত সামাজিক পরিকাঠামোর ভিতরে তাদের সম্ভাবনার বিকাশ সম্ভব নয়। এই উপলব্ধিই রামমোহনকে ধর্ম ও সমাজ সংস্কারের পথে অগ্রসর করে। রাজা রামমোহনের পারিবারিক পটভূমিও তাঁর চিন্তাচেতনায় বিশেষ প্রভাব ফেলেছিল। তাঁর পিতৃপরিবার ছিল বৈষ্ণব মতাদর্শে বিশ্বাসী, অপরদিকে মাতৃকূল অনুসরণ করত শাক্ত পরম্পরা। বেনারসে তিনি সংস্কৃত ভাষায় প্রাচীন ভারতীয় শাস্ত্র পাঠ করেন, এবং পাটনায় তিনি ফারসি ও আরবি ভাষার মাধ্যমে ইসলামি ধর্মতত্ত্ব অধ্যয়ন করেন। এই ইসলামি চিন্তাধারার সংস্পর্শে এসে তিনি হিন্দু ধর্মের অনেক আচার-অনুষ্ঠান ও সামাজিক রীতিনীতি সম্পর্কে একটি যুক্তিনির্ভর সমালোচনামূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেন। তবে তাঁর মধ্যে ধর্মতাত্ত্বিক অনুসন্ধিৎসা ছিল

গভীর। তিনি হিন্দুধর্ম ও ইসলাম ধর্ম ছাড়াও খ্রিস্টধর্ম, তিব্বতের লামা বৌদ্ধধর্ম ইত্যাদি ধর্মীয় দর্শনকেও গভীরভাবে অধ্যয়ন করেন। এই ধর্মতাত্ত্বিক তুলনামূলক বিশ্লেষণের মাধ্যমে তিনি এক প্রকার একেশ্বরবাদী ধর্মের রূপরেখা নির্মাণে ব্রতী হন— যা যুক্তি ও নৈতিকতার ভিত্তিতে গঠিত এবং যে ধর্ম চিন্তা ও কর্মে উদীয়মান মধ্যশ্রেণির আত্মবিশ্বাসী অগ্রযাত্রাকে সহায়ক করতে পারে। এইভাবে, রাজা রামমোহন রায় এক বহুমাত্রিক ধর্মচিন্তার ভিত গড়ে তুলে, ধর্ম ও সমাজ সংস্কারের মাধ্যমে একটি আধুনিক ও বাস্তবসম্মত সামাজিক ভিত্তি নির্মাণের প্রয়াস নিয়েছিলেন।

